



কল্যাণীতে নবনির্মিত এইমস পরিবেশগত ছাড়পত্র পায়নি বলে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ জানিয়েছে। এই প্রশ্ন তুলেছেন পর্ষদের চেয়ারম্যান। ...বিস্তারিত পাতা ৩



সম্মেলনশালির ঘটনার প্রতিবাদে থানা ঘেরাওয়ার ডাক দিল বিজেপি মহিলা মোর্চা। শনিবার নিউ জলপাইগুড়ি থানা ঘেরাও করতে আসেন তারা। ...বিস্তারিত পাতা ৫



ভাষা সৈনিক ধীরেন্দ্রনাথ দত্তের কুমিল্লার বাড়ি রাষ্ট্রীয়ভাবে সংরক্ষণের দাবি উঠেছে। তিনি সরকারি ঋগজে বাংলা ব্যবহার না করার সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়েছিলেন। ...বিস্তারিত পাতা ৬



রাঁচি টেস্টে ভারতের উপর চাপ বাড়ালেন ইংল্যান্ডের স্পিনাররা। ইংল্যান্ডের ৩৫৩ রানের জবাবে প্রথম ইনিংসে দ্বিতীয় দিনের শেষে ভারতের স্কোর ২১৯/৭৭। ...বিস্তারিত পাতা ৮

কংগ্রেসের সঙ্গে আসন-ভাগাভাগি নয়, স্পষ্ট করে দিল তৃণমূল

দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ ফেব্রুয়ারিঃ বিজেপিকে মনসদ থেকে সরানোর লক্ষ্যে তৈরি হয়েছিল ইন্ডিয়া জোট। দফায় দফায় বৈঠকও হয়েছে। কিন্তু সময় যতই এগিয়েছে, ততই স্পষ্ট হয়েছে ফাঁটল। বিশেষত জোটের অন্যতম সদস্য তৃণমূলের সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে প্রকাশ্যে ক্ষোভ উগরে দিয়েছেন কংগ্রেসের বিরুদ্ধে, তাতে রাজনৈতিক মহলের অনুমান বাংলায় আসন ভাগাভাগি-র সম্ভাবনা আর নেই। স্বাধীন ভাষায় এ একা লড়াই কথা বলেছেন মমতা। তবে কংগ্রেস এখনও আশাবাদী। শুক্রবার ফের কংগ্রেস নেতা জয়রাম রমেশ বলেছেন, দরজা এখনও খোলা আছে। তারপরই তৃণমূল তাদের অবস্থান স্পষ্ট করল আরও একবার। দলের অন্যতম মুখপাত্র ডেরেক ও'ব্রায়েন জানিয়ে দিয়েছেন কী তাদের অবস্থান। শুক্রবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে জয়রাম রমেশ বলেন, “আলোচনার দরজা বন্ধ হয়নি এখনও। মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আসন ভাগাভাগি নিয়ে কথা চলছে।” এই প্রসঙ্গে সমাজবাদী পার্টি ও অম আদমি পার্টির উদাহরণও দিয়েছেন তিনি। ওই দুই দলের সঙ্গেই ইতিমধ্যে আসন ভাগাভাগি হয়েছে কংগ্রেসের। তাই তৃণমূলের সঙ্গেও যে সব জট কেটে যাবে, সে ব্যাপারে আশাবাদী কংগ্রেস নেতা। জয়রাম রমেশের এই বক্তব্যের পরই বার্তা দেন ডেরেক ও'ব্রায়েন। তিনি জানিয়েছেন, “কয়েক সপ্তাহ আগে তৃণমূল সুপ্রিমো জেনিয়েলেন যে বাংলার ৪২টি আসনে একাই লড়বে তৃণমূল। অসম ও মেঘালয়ের কয়েকটি আসনেও লড়াই করবে। এই অবস্থানেই এখনও অনড় রয়েছে দল।” রাজ্যসভার সাংসদ ডেরেকের বক্তব্যেই স্পষ্ট, আসন-ভাগাভাগির কোনও সম্ভাবনা আর নেই। কংগ্রেস তথা রাহুল গান্ধি যখন ‘ভারত জোড় ন্যায় যাত্রা’ নিয়ে বাংলায় এসেছিলেন, তার আগেই ক্ষোভ প্রকাশ করেছিলেন মমতা। রাহুলের বন্ধ সফরের কথা কেন তাকে জানানো হল না, কেন কংগ্রেস সৌজন্য প্রকাশ না, তা নিয়ে প্রকাশ্যে বিরক্তি দেখান করেছিলেন তিনি।

সম্মেলনশালিতে টিএমসি নেতাকে দেখেই তাড়া!

দুরন্ত বার্তা, সম্মেলনশালি, ২৪ ফেব্রুয়ারিঃ শুক্র পর শনিবার। ফের সম্মেলনশালিতে জমি দখলের অভিযোগে তুলে তৃণমূল নেতা ও তাঁর পরিবারকে তাড় কলেন গ্রামবাসীরা। আবারও অভিযুক্তের বিরুদ্ধে পদক্ষেপ করার বদলে প্রতিবাদীরাই তুলে নিয়ে গেল পুলিশ। কিছুক্ষণের মধ্যে যদিও তাদের মুক্তি দেওয়া হয়। এই ঘটনায় শনিবার সকালে ব্যাপক উত্তেজনা ছড়ায় সম্মেলনশালির হালদার পাড়ায়। স্থানীয়দের অভিযোগ, তৃণমূল নেতা বিনয় সরদার জমি দখল করে শেখ সিরাজউদ্দিনের হাতে তুলে দিচ্ছে। এদিন সকালে হালদার পাড়ায় বিনয় সরদারের পরিবারের সদস্যদের দেখা যেতেই লাঠি সোটা নিয়ে তেড়ে যান কয়েকজন গ্রামবাসী। দুপক্ষের মধ্যে হাতাহাতি বেঁধে যায়। উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি। স্থানীয়দের অভিযোগ, বিনয় সরদার স্থানীয়দের জমি দখল করে সিরাজের হাতে তুলে দেয়। এক বধু বলেন, “আমাদের জমি দখল করে ঘর ভেঙে দিয়েছে। তার পর সেই জায়গায় মাটি ফেলে ঊঁক করে দোকান বানিয়েছে সিরাজের অনুগামীরা। এর জন্য আমাদের কোনও পরসস দেয়নি। আমরা এখন সবাই একটা ঘরে ঠাসাঠাসি করে থাকি। এতদিন সিরাজের ভয়ে কাউকে কিছু বলতে পারিনি। বললেই প্রাণনাশের ভয় দেখাত সিরাজের অনুগামীরা। বলত, মেরে গুলি করে দেবে। পুলিশের কাছে অভিযোগ করতে গেলে পুলিশ সিরাজ বা শিশু হাজার সঙ্গে মিটিমটি করে নিতে বলত।” খবর পেয়ে ডিগ্রাজি বারাসত রেঞ্জ ডায়েরী মুখোপাধ্যায় ঘটনাস্থলে পৌঁছান। প্রতিবাদীদেরই ধরপাকড় শুরু করে পুলিশ।

১ জুলাই থেকে কার্যকর হচ্ছে ৩ নয়া ‘সংহিতা’, মুছে যাচ্ছে ব্রিটিশ আমলের নিয়ম

নয়াদিল্লি, ২৪ ফেব্রুয়ারিঃ আগামী ১ জুলাই থেকে নয়া তিনটি ফৌজদারি আইন কার্যকর হতে চলেছে। শনিবার কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে বিবৃতি জারি করে জানানো হয়েছে, জুলাইয়ের পয়লা তারিখ থেকে ‘ভারতীয় ন্যায় সংহিতা’, ‘ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা’ এবং ‘ভারতীয় সাক্ষ্য আইন’ কার্যকর হবে। সেইসঙ্গে বাতিল হয়ে যাবে ব্রিটিশ আমলের ভারতীয় দণ্ডবিধি (ইন্ডিয়ান পেনাল কোড বা আইপিপি), কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর (সিআরপি) এবং ১৮৫৭ সালের ইন্ডিয়ান এভিডেন্স অ্যাক্ট। ‘ভারতীয় ন্যায় সংহিতা’-র ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে বিবৃতিতে বলা হয়েছে, ‘ভারতীয় ন্যায় সংহিতার এক নম্বর ধারার দুই নম্বর উপধারায় প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে ২০২৪ সালের



১ জুলাই থেকে ১০৬ নম্বর ধারার দু'নম্বর উপধারা বাদ দিয়ে সংহিতার নিয়ম কার্যকর করার দিন হিসেবে চিহ্নিত করছে কেন্দ্রীয় সরকার। ‘ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা’ এবং ‘ভারতীয় সাক্ষ্য আইন’-র ক্ষেত্রেও একইরকম বিবৃতি জারি করেছে স্বরাষ্ট্র মন্ত্রক। গত মাসেই স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে জানানো হয়েছিল যে এক বছরের মধ্যেই তিনটি নয়া ফৌজদারি আইনের বিধান কার্যকর করতে শুরু করবে দেশের সব থানা। দিল্লি, চণ্ডীগড়ের মতো কেন্দ্রশাসিত অঞ্চলের প্রথমে সেই তিনটি আইন কার্যকর হবে। বিষয়টি নিয়ে এক কেন্দ্রীয় সরকারি

শুরু পুলিশের সদর দফতর পর্যন্ত প্রযুক্তি উন্নতির দরকার নির্দেশ দেন। উল্লেখ্য, নয়া যে তিনটি আইন আনা হয়েছে, তাতে আরও একাধিক গুরুত্বপূর্ণ বিষয় আছে। সন্ত্রাসবাদ ও রাষ্ট্রদ্রোহের ক্ষেত্রে নিয়ম পালটানো হয়েছে। ই-এফআইআর দায়ের করার সুযোগ আছে। ইলেকট্রনিক নথিকে প্রামাণ্য নথি হিসেবে বিচার করা হবে। প্রথমবারের জন্য গণপিটুনির মতো অপরাধকে পৃথকভাবে উল্লেখ করা হয়েছে। মহিলা ও শিশুদের বিরুদ্ধে অপরাধের ক্ষেত্রে শাস্তি আরও কঠোর করার বিধান আছে নয়া ফৌজদারি আইনে।

সম্মেলনশালি না ঘটলেও বাংলায় বিজেপিকে ঠেকানো মুশকিল, পূর্বানুমান পিকে'র

নয়াদিল্লি, ২৪ ফেব্রুয়ারিঃ উনিশের লোকসভা ভোটে বাংলায় আঠারোটি আসনে জিতেছিল বিজেপি। সেই অভিযাত সামলাতে প্রশান্ত কিশোরের পরামর্শ নেওয়া শুরু করেছিল তৃণমূল। এদিন প্রশান্ত দাবি করলেন, এবারও লোকসভা ভোটে বাংলায় ভাল ফল করবে বিজেপি। গত লোকসভা ভোটে তারা যত আসনে জিতেছিল, তার থেকে আসন কমে বলে তার মনে হচ্ছে না। সম্মেলনশালির ঘটনা শাসক দলের বিরুদ্ধে প্রতিষ্ঠান বিরোধিতায় অগ্নিজেন যোগাবে বলেও প্রশান্তের মত। বাংলায় একুশের বিধানসভা ভোটের সময়ে তৃণমূলের অন্যতম ভোট কৌশলী ছিলেন প্রশান্ত। অমিত শাহরা রাজ্যে প্রচারে এসে

কথায়, “দেখুন সম্মেলনশালির মতো ঘটনা যখন ঘটে, যে যাই বলুক না কেন, শাসক দলের ক্ষতি হয়। তবে সম্মেলনশালির মতো ঘটনা ঘটুক বা না ঘটুক এটা বাস্তব যে বাংলায় বিজেপি এখন বাড়ছে।” এখানেই থানেননি প্রশান্ত কিশোর। তিনি বলেন, “দিল্লিতে বসে অনেকে ভাবছেন বাংলায় বিজেপি খতম হয়ে গেছে। কিন্তু এ ব্যাপারে কোনও ভুল ভাবনা রাখবেন না। বিজেপি এখন বাংলায় খুব মজবুত একটা রাজনৈতিক শক্তি। এবং গত ১২-১৩ বছর সরকারের থাকার ফলে তৃণমূলের বিরুদ্ধে প্রতিষ্ঠান বিরোধিতা যেরকম উত্তরোত্তর বাড়ছে, তার ফলে তাদের জমি ধরে রাখা ক্রমশ কঠিন হয়ে



যখন দাবি করছিলেন যে বিজেপি দু'শ আসন পাবে, তখন প্রশান্ত পূর্বানুমান করে বলেছিলেন, বিজেপি একশ অতিক্রম করলে ভোটে পরামর্শ দেওয়ার কাজ ছেড়ে দেব। দেখা যায়, বিজেপির রথ ৭৭-এ থমকে যায়। কিন্তু এখন প্রশান্তের বক্তব্য, বিধানসভা ভোটে বিজেপির ফলাফল দেখে লোকসভার সম্ভাবনা বিচার করা টিকি হবে না। একটি বেসরকারি টিভি চ্যানেলে দেওয়া সাক্ষাৎকারে প্রশান্ত অবশ্য শুকতে জানিয়ে দেন, তিনি এখন বাংলার বিষয়আশয় পরাসির দেখছেন না। বাস্তব পরিস্থিতি কী তা নিয়ে তাঁর ‘ফার্স্ট হ্যান্ড এক্সপিরিয়েন্স’ নেই। তাঁর

বাড়ছে বুটের আওয়াজ

অশান্ত সম্মেলনশালিতে নতুন রণসজ্জা পুলিশের

সম্মেলনশালি, ২৪ ফেব্রুয়ারিঃ এখনও তপ্ত বসিরহাট পুলিশ জেলার সম্মেলনশালি। মিনার্খা সাব ডিভিশনের অন্তর্গত এই এলাকায় বিগত কয়েকদিন ধরেই একের পর এক অশান্তির ছবি সামনে আসছে। অভিযোগ উঠছে জমি দখল অভিযাত্রার সহ একাধিক বিষয়ে। ধামাখালি, জেলিয়াখালির পর শুক্রবার থেকে নতুন করে তপ্ত হয়ে ওঠে বেডমজুরা নামে পুলিশ, কমব্যাট ফোর্স। অশান্ত সম্মেলনশালিতে শান্ত করতে এদিন নতুন করে খুঁটি সাজাতে শুরু করে দিয়েছে পুলিশ। সূত্রের খবর, এই মুহূর্তে সম্মেলনশালিতে মোতায়েন ৪৫০ জনের কাছাকাছি পুলিশ বাহিনী। রয়েছে র‍্যাক, কমব্যাট ফোর্স-সহ রাজ্য পুলিশের সশস্ত্র বাহিনী। মহিলা পুলিশের সংখ্যা



একশো থেকে দেড়শোর কাছাকাছি। আইপিএস পদমর্যাদার অফিসার রয়েছে ৩০ জনের কাছাকাছি। এছাড়াও ইন্সপেক্টর পদমর্যাদার আধিকারিক আছেন ৮ জন, আছেন

এলাকায় ঘুরছেন এডিজি দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার। এছাড়াও আইন-শৃঙ্খলা পরিস্থিতি সামলানোর জন্য দফায় দফায় রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে নিয়ে আসা হচ্ছে দক্ষ আইপিএস অফিসারদের। এখন দেখার কবে ঠান্ডা হয় পরিস্থিতি। এদিকে এখনও অধরা সম্মেলনশালির বেতাজ বাদশা শেখ শাহজাহান। একদিন আগেই আদালতে তাঁর আগাম জামিনের আবেদন খারিজ হয়ে গিয়েছে। এদিকে আবার এদিনই সম্মেলনশালিতে গিয়েছেন সেচমন্ত্রী পার্থ ভৌমিক, দমকল মন্ত্রী সুজিত বসু। ঘুরে দেখছেন এলাকা। গিয়েছেন বাম নেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায়। যদিও একাধিক জায়গায় ১৪৪ ধারার কথা বলে পথ আটকায় পুলিশ।

ভোটের আগে আধিকারিকদের বদলি নিয়ে কড়া নির্দেশ নির্বাচন কমিশনের

নয়াদিল্লি, ২৪ ফেব্রুয়ারিঃ আসন্ন লোকসভা নির্বাচনে যাতে কেউ কোনও প্রভাব ফেলতে না পারেন, সে ব্যাপারে কড়া পদক্ষেপ নির্বাচন কমিশনের। ভোটের আগে পুলিশ অফিসার ও ভোটের সঙ্গে যুক্ত থাকবেন এমন অফিসারদের যাতে যথাযথ নিয়ম মেনে বদলি করা হয়, সেই নির্দেশ দেওয়া হয়েছে সব রাজ্যগুলিকে। যে সব অফিসারদের এক জায়গায় তিন বছর হয়ে গিয়েছে, নিয়ম অনুযায়ী তাঁদের অন্যত্র বদলি করতে হবে বলে নির্দেশ দিয়েছে কমিশন। কমিশনের বার্তা, একই লোকসভা কেন্দ্রের অন্তর্গত পার্শ্ববর্তী জেলায় বদলি করা যাবে না। দেশের সব রাজ্য সরকারকে চিঠি দিয়েছে জাতীয় নির্বাচন কমিশন। কমিশনের অভিযোগ, নির্বাচন কমিশনের বদলি সংক্রান্ত নিয়মকে এড়ানোর জন্য একাধিক রাজ্যে দেখা যাচ্ছে, একই লোকসভা কেন্দ্রের অন্তর্গত পাশের জেলায় আধিকারিকদের বদলি করা হচ্ছে। এমনকী, যে আধিকারিকরা ‘হোম ডিস্ট্রিক্ট’-এ নিযুক্ত আছেন তাঁদেরও বদলি করতে হবে বলে নির্দেশ দেওয়া হয়েছে। নির্বাচনের কাজে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যে আধিকারিকরা জড়িত থাকবেন তাঁদের ক্ষেত্রেই এই নির্দেশ বলব হবে। এই নির্দেশ জাতীয় নির্বাচন কমিশনের রটিন নিয়মাবলীর মধ্যেই পড়ে। তবে এবার নির্দেশ দেওয়া হয়েছে, নিয়ম মানা না হলে কঠোর পদক্ষেপ করা হবে।

সম্মেলনশালি কীভাবে ‘দ্বিতীয় নন্দীগ্রাম’ হয়ে উঠছে, ব্যাখ্যা করলেন শুভেন্দু

দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ ফেব্রুয়ারিঃ ১৭ বছর আগে রাজ্য রাজনীতিতে মোড় ঘুরিয়ে দিয়েছিল নন্দীগ্রামের আন্দোলন। সেই আন্দোলনে সে দিন যাঁরা নেতৃত্ব দিয়েছিলেন, তাঁদের মধ্যে অন্যতম শুভেন্দু অধিকারী।



বর্তমানে সেই নন্দীগ্রামের বিজেপি বিধায়ক শুভেন্দু। দলবদলের পর তিনি এখন বিধানসভার বিরোধী দলনেতা। নন্দীগ্রামে সে দিন যা হয়েছিল, তার প্রতিচ্ছবিই এবার দেখতে পাচ্ছেন সম্মেলনশালিতে, শনিবার দিল্লি যাওয়ার পথে এমনটাই দাবি করলেন শুভেন্দু। তাঁর দাবি, নন্দীগ্রাম আন্দোলনে যে সব ইস্যুতে বিক্ষোভের আগুন জ্বলেছিল, তার মধ্যে অনেক ইস্যুই রয়েছে সম্মেলনশালিতেও। তৃণমূল অবশ্য এই তুলনার কথা মানতে নারাজ। আগেই সে ব্যাপারে ব্যাখ্যা দিয়েছেন শাসক দলের মুখপাত্র কুণাল ঘোষ। এদিন নন্দীগ্রামের সঙ্গে তুলনা করে শুভেন্দু বলেন, “সম্মেলনশালিতেও বশ্যতা বিরোধী সংগ্রাম চলছে। নন্দীগ্রামে যে সব ইস্যু ছিল, এখানে সে সবগুলোই আছে। ভোট লুট গণতন্ত্র হত্যা, নারী নির্যাতন আর জমি দখল। এখানে জমি দখলের বিরোধিতায় আন্দোলনের সূত্রপাত হয়েছিল, এখানে মায়াদের ওপর অত্যাচারের প্রতিবাদে শুরু আন্দোলন।

তবে জমি দখলও এখানে একটা বড় ইস্যু।” বিরোধী দলনেতার দাবি, সম্মেলনশালিতে মানুষ বিদ্রোহ ও গর ভরসা করছেন। সম্মেলনশালিকে ‘দ্বিতীয় নন্দীগ্রাম’ বলে আখ্যা দিচ্ছেন বিজেপি সাংসদ দিলীপ ঘোষও। যেভাবে এখানে সাধারণ মানুষ নিজের হাতে ঝাণ্ডা তুলে প্রতিবাদের ভাষা খুঁজে নিচ্ছেন, তাতেই নন্দীগ্রামের সঙ্গে মিল খুঁজে পাচ্ছেন দিলীপ ঘোষ। শুভেন্দুর কথায় গুরুত্ব দিতে নারাজ তৃণমূল। নন্দীগ্রামের ভূমি উচ্ছেদ প্রতিরোধ কমিটির সভাপতি তথা তৃণমূল নেতা শেখ সুফিয়ান বলেন, “নন্দীগ্রামে যত মানুষ মারা গিয়েছেন, সে বিষয়ে শুভেন্দু অধিকারী দূর থেকে খোঁজ খবর নিতেন। প্রত্যক্ষভাবে কোনও খবর কোনও আন্দোলনে যাননি। আন্দোলনের ব্যাপারে উনি কিছু জানেন না।” তাঁর দাবি, নন্দীগ্রামে সরকারের নির্দেশে জমি দখল হচ্ছিল। সরকারের বিরুদ্ধে তাই আন্দোলন হয়েছিল। কিন্তু সম্মেলনশালিতে ব্যক্তির বিরুদ্ধে আন্দোলন চলছে। আগে কুণাল ঘোষ এই প্রসঙ্গে বলেছিলেন, “সম্মেলনশালিতে মানুষ লাঠি-সোটা নিয়ে বিক্ষোভ করছে, কিন্তু একটা ছবি দেখাতে পারবেন না যেখানে পুলিশ কাঁদানে গ্যাস বা গুলি চালিয়েছে। এটা বাম জমানার টিগার হ্যাণ্ড পুলিশ নয়।”

বহু প্রকল্পের শিল্যান্যাস করবেন প্রধানমন্ত্রী মোদি

নয়াদিল্লি, ২৪ ফেব্রুয়ারিঃ লোকসভা নির্বাচনের প্রাক্কালে অমৃত ভারত প্রকল্পে পূর্ব এবং দক্ষিণ পূর্ব রেলের অধীনে থাকা স্টেশনগুলির উন্নয়নের কাজের শিল্যান্যাস করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই স্টেশনগুলির মধ্যে বাংলাও পাবে বেশ কয়েকটি পাবে বাংলাও। আগামী সোমবার ভার্জালি স্টেশনের উদ্বোধন এবং সাবওয়ের শিল্যান্যাস করবেন প্রধানমন্ত্রী।

জট কাটছে ইন্ডিয়ার, দিল্লিতেও চূড়ান্ত আপ-কংগ্রেসের আসন বণ্টন


নয়াদিল্লি, ২৪ ফেব্রুয়ারিঃ আরও একটি জট কাটল ইন্ডিয়া জোটের। এবার দিল্লিতেও চূড়ান্ত হয়ে গেল আসন ভাগাভাগি। না না করেও, শেষ অবধি কংগ্রেসের সঙ্গে আসন ভাগাভাগি করতে রাজি হল আম আদমি পার্টি। জানা গিয়েছে, দিল্লিতে সাতটি আসনের মধ্যে চারটিতে প্রার্থী দেবে আম আদমি পার্টি। তিনটি লোকসভা আসনে প্রার্থী দেবে কংগ্রেস। এ দিন কংগ্রেস সাংসদ মুকুল ওয়াসনিক এই ঘোষণা করেন। শনিবার আসন ভাগাভাগি নিয়ে সিদ্ধান্ত চূড়ান্ত হতেই, কংগ্রেসের তরফে জানানো হয়, আম আদমি পার্টি নয়া দিল্লি, দিল্লি দক্ষিণ, দিল্লি পশ্চিম ও পূর্ব দিল্লিতে প্রার্থী দেবে। কংগ্রেস প্রার্থী দেবে চাঁদনি চক, উত্তর-পূর্ব দিল্লি, উত্তর-পশ্চিম দিল্লিতে। প্রসঙ্গত, ইন্ডিয়া জোট যখন আসন ভাগাভাগি নিয়ে আলোচনা শুরু

হয়েছিল, তখন কেজরীবালের দল একটি মাত্র আসন কংগ্রেসকে ছাড়তে রাজি হয়েছিল। সেই প্রস্তাব মানতে নারাজ হয়, ফলে আলোচনা বন্ধ হয়ে যায়। তবে বিগত কয়েক সপ্তাহ ধরে বিভিন্ন রাজ্যে বিরোধী দলগুলির সঙ্গে আসন ভাগাভাগির আলোচনা শুরু করেছে কংগ্রেস। সম্প্রতিই উত্তর প্রদেশে সমাজবাদী পার্টির সঙ্গে আসন বণ্টন চূড়ান্ত হয়েছে কংগ্রেসের। বাংলা নিয়েও কথা চলছে। জানা গিয়েছে, হরিয়ানাতেও একটি আসনে প্রার্থী দেবে আম আদমি পার্টি। গুজরাটে দুই আসনে প্রার্থী দেবে আমা। তবে এবার গোয়ায় কোনও প্রার্থী দেবে না কেজরীবালের দল। সম্প্রতিই তারা জানিয়েছিল, দক্ষিণ গোয়ায় আপের প্রার্থী দাঁড় করানো হবে, তবে শুক্রবারই সেই সিদ্ধান্ত বদল করা হয়।

সমানে সমানে লড়াই, কলিঙ্গতে আটকে গেল দাপুটে মোহনবাগান

ভুবনেশ্বর, ২৪ ফেব্রুয়ারিঃ এগারো ম্যাচ অপরাজিত ছিল ওডিশা এফসি। ইন্ডিয়ান সুপার লিগে তাদের শেষ ম্যাচ ছিল এফসি গোয়ার বিরুদ্ধে। সেই ম্যাচ ১-১ ড্র করেছিল। দীর্ঘ দিন বিদ্রাম পেয়েছেন ওডিশা এফসি ফুটবলাররা। উল্টোদিকে আজ ছিল আন্তোনিও লোপেজ

হাবাসের মোহনবাগান। জয়ের হ্যাটট্রিকে আব্বাশ্বাসের তুঙ্গে ছিল সবুজ মেহন শিবির। কলিঙ্গ স্টেডিয়ামে শুরু থেকেই টানটান উত্তেজনার ম্যাচ। যদিও কেউ কাউকে ছাপিয়ে যেতে পারল না। শেষ অবধি গোলমূল্য ড্র। তবে টুর্নামেন্টের অন্যতম সেরা ম্যাচ বলাই যায়।



জন্মঃ ১লা ডিসেম্বর, ১৯২৬ অশোক চন্দ্র নন্দর প্রয়াণঃ ২৫শে ফেব্রুয়ারি, ২০১৬

আটটা বছর পার হয়ে গেল তুমি আমাদের মাঝে নেই। তবু তুমি আছে সর্বক্ষণ আমাদের হৃদয়ে ও মননে। তোমার শেখানো জীবনবোধ রাখুক আমাদের আত্মস্থ এবং হোক আমাদের চলার পথের পাথের।

যেখানেই থাকো তুমি ভালো থেকেো -তোমার পরিবারবর্গ ও ‘দুরন্ত বার্তা’র কর্মীবৃন্দ

কল্যাণীতে নবনির্মিত এইমস পরিবেশগত ছাড়পত্র পায়নি পশ্চিমবঙ্গ দূষণ পর্যদ

দূরন্ত বার্তা, কলকাতা,২৪ ফেব্রুয়ারিঃ নদীয়ার কল্যাণীতে নবনির্মিত এইমস পরিবেশগত ছাড়পত্র পায়নি বলে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্যদ জানিয়েছে। আজ বিধাননগরের পরিবেশ ভবনে এক সাংবাদিক বৈঠকে পর্যদের চেয়ারম্যান কল্যাণ রুদ্র ছাড়পত্র ছাড়াই প্রতিষ্ঠানটি কিভাবে উদ্বোধন হতে চলেছে সেই প্রশ্ন তুলেছেন। সুপ্রিম কোর্ট তার পূর্ববর্তী নির্দেশ প্রত্যাহার করে নতুন নির্দেশ জারি না করা পর্যন্ত কোন পরিবেশগত ছাড়পত্র দেওয়া যাবে না বলে তিনি জানান। উল্লেখ্য নিয়ম মেনে নির্মাণ কাজ শুরুর আগে পরিবেশগত ছাড়পত্র পাওয়ার জন্য আবেদন করার কথা থাকলেও এইমস কর্তৃপক্ষ নির্মাণ কাজ শুরুর পরে সেই আবেদন করেছিল। এরপরে এইমসকে ১৫ কোটি ১০ লক্ষ টাকার বেশি জরিমানা করা হয়। এইদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল এইমসের উদ্বোধন করার কথা।

তৃণমূল নেতার বাড়ি ঘিরে বিক্ষোভ মহিলাদের, সন্দেশখালির ছায়া হাওড়ায়

দূরন্ত বার্তা, কলকাতা,২৪ ফেব্রুয়ারিঃ তৃণমূল নেতার বাড়ি ঘেরাও করে বিক্ষোভে মহিলারা। সন্দেশখালি-কাচের ছায়া এবার হাওড়ার বালিতে। বালিতে প্রায় পাঁচ মাস আগেৱ একটি রাজনৈতিক ঘটনাকে কেন্দ্র করে শনিবার এক তৃণমূল নেতার বাড়ি ঘোও করেন এলাকার মহিলারা। এই নিয়ে এলাকায় উত্তেজনা ছড়ায়। এলাকায় ফের সন্ত্রাসের আবেগ তৈরি হয়েছে বলে অভিযোগ করেন তারা। শনিবার ঘটনাটি ঘটেছে বালির নিশ্চিন্দা থানা এলাকার কালীতলায়। এই ঘটনায় পুলিশের বিরুদ্ধে নিক্ত্রিয়তার অভিযোগ উঠেছে। এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে। জানা গেছে, প্রায় পাঁচ মাস আগে রাজনৈতিক ক্ষমতা দখলকে কেন্দ্র করে তৃণমূলের দুই গোষ্ঠীর রেষারেষিতে উত্তেজনা তৈরি হয়েছিল। এলাকার জমি সংক্রান্ত বখরা নিয়ে সেই বামেলার সূত্রপাত হয়েছিল সেই সময়। এলাকা কার্যত রণক্ষেত্র হয়ে উঠেছিল। ঘটনায় গ্রেপ্তার হয়েছিল মূল অভিযুক্ত সহ প্রায় ৪০ জন। এক গোষ্ঠীর মারধরর গুরুতর জখম হয়েছিলেন স্থানীয় এক নেতা। পরবর্তীতে এই ঘটনাকে কেন্দ্র করে বিক্ষিপ্তভাবে বারে বারে এলাকায় উত্তেজনা তৈরি হয়। এদিনের উত্তেজনা প্রসঙ্গে অভিযুক্ত পক্ষের দাবি, আইনের পথে চলে তারা আদালত থেকে জামিন পেয়েছেন। কিন্তু তা সত্ত্বেও তাদের এলাকায় ঢুকতে দিচ্ছে না তৃণমূলের অপর গোষ্ঠীর লোকজন। পাল্টা বিপক্ষ গোষ্ঠীর দাবি, এলাকায় ফের সন্ত্রাসের বাতাবরণ তৈরি হয়েছে। তাই তারাও প্রতিবাদে নেমেছেন।

প্রধানের উদ্যোগে বহড়ু হাসিমপুরে সূচনা হল ঢালাই রাস্তার কাজ

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, বহড়ু, ২৪ ফেব্রুয়ারিঃ নিদল ও বিজেপি জোটের হাতে থাকা জয়নগর বিধানসভার একমাত্র পঞ্চায়েত বহড়ু ক্ষেত্র গ্রাম পঞ্চায়েত। আর এই পঞ্চায়েতের প্রধান মতিবুর রহমান লস্করের উদ্যোগে শুক্রবার বহড়ু ক্ষেত্র গ্রাম পঞ্চায়েতের বহড়ু হাসিমপুর গ্রামের ৮০ নং বুথে ঢালাই রাস্তার কাজের সূচনা হয়ে গেল।এদিন এই কাজের সূচনায় প্রধান সহ একাধিক পঞ্চায়েত সদস্য ও জয়নগর ১ নং পঞ্চায়েত সমিতির সদস্য উপস্থিত ছিলেন।বহড়ু পঞ্চায়েত এলাকায় ধারাবাহিক ভাবে আটকে থাকা উন্নয়নের কাজ শুধো শেষ করা হবে বলে এদিন প্রধান মতিবুর রহমান লস্কর জানানেন।

দুই পুলিশ কর্মীর মারপিট, ভাইরাল ভিডিও যাচাই করছে পুলিশ

দূরন্ত বার্তা, কলকাতা,২৪ ফেব্রুয়ারিঃ কর্তব্যরত এক মহিলা পুলিশ কর্মীকে মার আরেক পুরুষ পুলিশ কর্মীর। সেই ঘটনা সোদ্যাল মাধ্যমে রীতিমতো ভাইরাল। যদিও সেই ভিডিওর সত্যতা যাচাই করেনি সর্বাবদমাধ্যম। জানা গেছে, শুক্রবার উত্তর হাওড়ায় শীতলা মাতার স্নানযাত্রা উপলক্ষে ডিউটিতে ছিলেন ওই দুই পুলিশ কর্মী। সেই সময় নিজেদের মধ্যে প্রথমে বচসা শুরু হয়। এরপর চলে মারপিট। মহিলা পুলিশ কর্মীকে মারধরের অভিযোগ ওঠে। এই ঘটনায় রীতিমতো চাঞ্চল্য। পুলিশের তরফ থেকে খবরের সত্যতা যাচাই করে দেখা হচ্ছে।

বহড়ুর এক গৃহবধূকে শ্রীলতাহানি ও ধর্ষণের চেষ্টার অভিযোগে ধৃত দুই যুবক

দূরন্ত বার্তা, জয়নগর, ২৪ ফেব্রুয়ারিঃ বহড়ুর এক গৃহবধূকে শ্রীলতাহানি ও ধর্ষণের চেষ্টার অভিযোগে বহড়ু থেকে গ্রেফতার দুই যুবককে শনিবার বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হয়।শুক্রবার জয়নগর থানার বহড়ু এলাকার এক গৃহবধুর জয়নগর থানায় অভিযোগ দায়েরের পরে জয়নগর থানার আই সি পাঠ সারথি পালের নির্দেশে এস আই অলকেপু ঘোষ তদন্তে নেমে শুক্রবার রাতে বহড়ুর দক্ষিন মিটানির বাড়ি থেকে দুই যুবককে গ্রেপ্তার করে জয়নগর থানায় নিয়ে আসে। ধৃত দুই যুবক হল নিমাই বৈদ্য ও সুবক বৈদ্য। ধৃতদের শনিবার জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।

নবান্নের প্রধান প্রবেশপথে আধুনিক প্রযুক্তির আন্ডার ভেহিকেল স্ক্যানিং সিস্টেম

দূরন্ত বার্তা, কলকাতা,২৪ ফেব্রুয়ারিঃ রাজ্যের সচিবালয় নবান্নের নিরাপত্তা ব্যবস্থাকে আরও মজবুত করতে এই ভবনে ঢোকার সময় সমস্ত গাড়ির নিচে অশ্ব সহ স্ক্যান করা হবে। এজন্য নবান্নের প্রধান প্রবেশপথে আধুনিক প্রযুক্তির আন্ডার ভেহিকেল স্ক্যানিং সিস্টেম বসানো হয়েছে। জানা গিয়েছে, নিরাপত্তার কারণে নবান্ন ছব্বরে গাড়ির প্রবেশ পথের মুখে ‘রোলার্ড’ নামক ধাতব থাম বসানো হয়েছে। গাড়ি সম্পূর্ণভাবে স্ক্যান করার পরেই এই ‘রোলার্ড’ পেরিয়ে গাড়ি ভিতরে যাওয়ার ছাড়পত্র পাচ্ছে। এছাড়া সচিবালয় নিরাপত্তা ব্যবস্থা পর্যালোনা করে আরো ২৫ টি যায়গায় সিসিটিভি ক্যামেরা বসানো হয়েছে। যেগুলি অন্ধকারেও ছবি তুলতে সক্ষম।

আধার নিক্ত্রিয় করার চিঠি এনআরসি’র সূচনা মনে করে শিবির করে মানুষকে সচেতন করছে তৃণমূল

বনস্পতি দে, হুগলি, ২৪ ফেব্রুয়ারিঃ আধার নিক্ত্রিয় করার চিঠি এনআরসি’র সূচনা মনে করে শিবির করে মানুষকে সচেতন করতে শুরু করল তৃণমূল। দামাল বাঙালি হুগলি শাখার পক্ষ থেকে মগড়া কাটাপুকুরে হয় এই শিবির। উপস্থিত ছিলেন চাপদানির বিধায়ক তৃণমূল হুগলি শ্রীরামপুর সাংগঠনিক জেলা সভাপতি অরিন্দম গুঁইন, টুঁচুড়ার বিধায়ক অসিত মজুমদার, বলাগড় বিধায়ক মনোরঞ্জন ব্যাপারী, হুগলি জেলা পরিষদের সদস্য মানস মজুমদার, মৌসুমি ঘোষ-সহ তৃনমূল নেতৃত্ব এবং পূর্ববঙ্গ থেকে আসা, মতুয়া সম্প্রদায় মানুষজন। সম্প্রতি আধার নিক্ত্রিয় করা হল এই মর্মে অনেক মানুষের কাছে চিঠি আসে। হুগলির মগড়া, কোদালিয়া বলাগড়ে

অনেকে এই চিঠি পেয়েছেন। দামাল বাঙলা একটি এনআরসি বিরোধী মঞ্চ তার প্রতিষ্ঠাতা মানিক ফকির জানান, এনআরসি হলে মানুষের বিশেষত ওণার বাংলা থেকে আসা মানুষদের কী অসুবিধা হবে। সে বিষয়ে সচেতন করেন। শিবিরের আহ্বায়ক মানস মজুমদার বলেন, “বিজেপি শাসিত কেন্দ্র সরকার চাইছে এনআরসি করে মানুষের নাগরিকত্ব কেড়ে নিবে। তৎপড়াগের বলি হয়ে পূর্ববঙ্গ থেকে যারা পশ্চিমবঙ্গে এসেছেন ৩০ বছর থেকে ৬০ বছর বসবাস করছেন তাদের বিপদে ফেলতে চাইছে বিজেপি। বিধায়ক অরিন্দম গুঁই

বাবার বাড়িতে আত্মঘাতী স্ত্রী, খবর পেয়ে আত্মঘাতী স্বামীও, দম্পতির মৃত্যুতে শোকের ছায়া দুই পরিবারেই

শ্রো আদক, হুগলি, ২৪ ফেব্রুয়ারিঃ বাপের বাড়িতে এসে আত্মঘাতী স্ত্রী, খবর পেয়ে নিজের বাড়িতে আত্মঘাতী স্বামীও। শুক্রবার রাতে দম্পতির অস্বাভাবিক মৃত্যু তে শোকের ছায়া দুই পরিবারেই। জানা গেছে, বাপের বাড়িতে বৌমার আত্মহত্যা করার খবর আসতেই স্বশ্রুরবাড়ি থেকে গোটি পরিবার পৌঁছে গিয়েছিল হুগলির শেওড়াকুলিতে। এদিকে, সেই সুযোগেই বাড়ি ফাঁকা পেয়ে নিজের হাওড়ার বাড়িতে আত্মঘাতী হন স্বামী। হাওড়ার চ্যাটার্জিহাট থানার ঘোষপাড়ার ঘটনা। দম্পতির আত্মঘাতীর ঘটনায় শোকের ছায়া গোটি এলাকায় মৃতেরা হলেন তাপস শী এবং রিকু শী। দম্পতির একটি বহুস তাতেকের কন্যা সন্তানও রয়েছে। ঘটনার তদন্তে নেমেছে চ্যাটার্জিহাট থানার পুলিশ। স্থানীয় সূত্রে জানা গেছে, স্বামী-স্ত্রীর মায়ে মারোই বিতর্ক কারণে বামোলা হতো। এর আগেও তাপস ৬ মাস আগে একবার আত্মঘাতী হওয়ার চেষ্টা করেছিলেন। নিজেদের মধ্যে বামোলা হওয়ার পর গত সরস্বতী পূজার দিন রিকু নিজের বাপের বাড়ি শেওড়াকুলি চলে গিয়েছিলেন। মৃত্যুর কারণ খতিয়ে দেখছে পুলিশ। এই ঘটনা প্রসঙ্গে আবাসনের বাসিন্দা অরুণ দে বলেন, সকালে ঘুম থেকে উঠে জানতে পারি ছেলে ও বৌমা আত্মহত্যা করেছে। মৃতের বাবা আমাদের জানিয়েছেন শেওড়াকুলিতে বৌমার বাড়ি থেকে এসে তিনি দেখেন ছেলেও আত্মহত্যা করেছে। ছেলে একাই ঘরে ছিল। সেও আত্মহত্যা করেছে। অরুণ দে আরও বলেন, জেদের বাবা মা শেওড়াকুলিতে বৌমার বাড়িতে দেখতে গিয়েছিলেন। আসার পর ছেলে দরজা খোলেনি। এই পরিস্থিতিতে বাড়ির দরজা ভেঙে ঘরে ঢুকে দেখেন ছেলেও আত্মহত্যা করেছে।

পুলিশের তৎপরতায় উদ্ধার মদের বোতল, ধৃত দুই মদ বিক্রেতা

দূরন্ত বার্তা, জয়নগর, ২৪ ফেব্রুয়ারিঃ জয়নগর থানার পুলিশের তৎপরতার ত্রাশি অভিযানে উদ্ধার ৪৩ টি বেআইনি মদের বোতল। গ্রেফতার দুই মদ বিক্রেতা। পুলিশ সূএে জানা গেল,জয়নগর ও তৎসংলগ্ন এলাকায় বেশ কিছু দিন ধরে বেআইনি মদ বিক্রির অভিযোগ আসছিল। আর তাই বৃহস্পতিবার জয়নগর থানার আই সি পাঠ সারথি পালের নির্দেশে এস আই সায়ন ভট্টাচার্য ও এ এস আই শাহানাস মন্ডল সহ পুলিশের দুটি বিশেষ টিম জয়নগর থানার রাজাপুর করাবেগে ও বুড়োরঘাট এলাকায় ত্রাশি চালায়া আর তাতেই উদ্ধার হল ৪৩ টি বেআইনি মদের বোতল।গ্রেফতার করা হয় দুই মদ বিক্রেতাকে। ধৃত দুজন হল মুরতি মন্ডল, বাড়ি রাজাপুর করাবেগে এলাকায় ও সুবীল সরাদার, বাড়ি জয়নগর থানার বুড়োরঘাট এলাকায়। ধৃতদেরকে জয়নগর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হলে বিচারকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।জয়নগর থানা এলাকায় বেআইনি মদ বিক্রি বন্ধ করতে পুলিশের ত্রাশি অভিযান চলবে বলে পুলিশ সূএে জানা গেল।

সন্দেশখালিতে ফের জাতীয় মানবাধিকার কমিশন

ঘুরপথে গ্রামবাসীদের অভিযোগ শুনলেন সিপিআইএমের নেত্রী মীনাক্ষীও মুখার্জি



দূরন্ত বার্তা, সন্দেশখালি, ২৪ ফেব্রুয়ারিঃ শুক্রের পর শনিবারও সন্দেশখালি গেল জাতীয় মানবাধিকার কমিশন। বসিরহাটের সন্দেশখালিতে শনিবার দুপুরে ফের দ্বিতীয় পর্যায়ে পৌঁছিলেন জাতীয় মানবাধিকার কমিশনের ৫ সদস্যের প্রতিনিধি দল। শুক্রবার সকালে দিল্লি থেকে এসে সরাসরি সন্দেশখালিতে গিয়েছিলেন জাতীয় মানবাধিকার কমিশনের

প্রতিনিধিদল। তাঁরা সন্দেশখালির উপক্রত বেশ কিছু গ্রাম পরিদর্শন করেন। দিনভর কথা বলেন সাধারণ মানুষের সঙ্গে। শনিবার ফের ওই প্রতিনিধি দল সন্দেশখালিতে হাজির হন। এদিনও বিভিন্ন গ্রামে ঘুরে তাঁরা গ্রামবাসীদের অভিযোগ নিখিড়ন্ত করছেন। অন্যদিকে, শনিবার সকালে সন্দেশখালিতে যান মীনাক্ষী মুখোপাধ্যায়। ঘুরপথে কার্যত পুলিশের চোখে ধুলো দিয়ে

রেল স্টেশনে হকার উচ্ছেদের প্রতিবাদে জয়নগর স্টেশনে হকার ইউনিয়নের বিক্ষোভ

দূরন্ত বার্তা, জয়নগর, ২৪ ফেব্রুয়ারিঃ রেল হকারদের উচ্ছেদ বন্ধ ও পুনর্বাসনের দাবিতে শনিবার বেলায় জয়নগর মজিলপুর স্টেশনে বিক্ষোভ ও প্রতিবাদ মিছিল করলো তৃনমূল কংগ্রেসের হকার ইউনিয়নের সদস্যরা। এদিন শতাধিক হকার এই মিছিলে অংশ নেন।জয়নগর মজিলপুরের দুটি প্ল্যাটফর্মে এই মিছিল সহকারে প্রতিবাদ কর্মসূচি পালন করা হয়। এবং স্টেশন মাস্টারের কাছে স্মারকলিপি জমা ও করা হয় ইউনিয়নের পক্ষ থেকে। এ ব্যাপারে হকার ইউনিয়নের জয়নগর মজিলপুরের সদস্যরা বলেন,



হোট খাটো দোকান দিয়ে সংসার চালাই। কিন্তু সম্প্রতি আমরা জানতে পারি আমাদের কে প্ল্যাটফর্ম থেকে উচ্ছেদ করা হবে। তাই আমরা চাই আমাদের উচ্ছেদ করলে পুনর্বাসনের ব্যবস্থা করজি তাহেই তবে উচ্ছেদ করতে হবে। না হলে

বিজেপি কর্মীকে মারধরের অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে, ছেলেকে বাঁচাতে গিয়ে আক্রান্ত মা-ও

গোসাবা, ২৪ ফেব্রুয়ারিঃ এলাকায় বিজেপি দল করার অপরায়ে এক বিজেপি কর্মীকে বেধড়ক মারধর করে মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। শুক্রবার সন্ধ্যায় ঘটনাটি ঘটেছে সুন্দরবন কোস্টাল থানার অন্তর্গত আমতলিতে। ওই ঘটনায় গুরুতর জখম হয়েছেন কিশোর মন্ডল নামে বিজেপি কর্মী। তাঁকে বাঁচাতে গিয়ে আক্রান্ত হয়েছেন তাঁর মা লক্ষ্মী মন্ডলও। আহতদের উদ্ধার করে হোট মোল্লাখালি গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে দুজনকেই প্রাথমিক চিকিৎসার পর শনিবার সকালে ক্যানিং মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করা হয়। এলাকার তৃণমূল কর্মী মনোরঞ্জন মণ্ডল ও তাঁর অনুগামীদের বিরুদ্ধে এই মারধরের অভিযোগ করছেন কিশোর। যদিও অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল। পাল্টা

তাঁদের দাবি কিশোরই মনোরঞ্জনকে মারধর করে। তাঁকে তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করে। স্থানীয়রা ঘটনার প্রতিবাদ করলে দুপক্ষের মধ্যে মারামারি বেয়ে যায়। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, এলাকায় বিজেপির সক্রিয় কর্মী বলইে পরিচিত কিশোর। গত পঞ্চায়েত নির্বাচনে তিনি পঞ্চায়েত সমিতির প্রার্থীও ছিলেন। কিশোরের অভিযোগ, নির্বাচনে হেরে যাওয়ার পর থেকেই কার্যত তাঁর উপর নানাভাবে মনোরঞ্জন সহ এলাকার অন্যান্য তৃণমূল কর্মীরা চড়াও হয়। বাড়ি ভাঙুর করে, দোকান বন্ধ করে দেয়। এদিন তাঁর বাড়ির ভাড়াটে তুলে দেওয়ার চেষ্টা করছিলেন মনোরঞ্জন। সেই ঘটনার প্রতিবাদ করলে তাঁর উপর চড়াও হয়ে মারধর করে। ছেলেকে মার খেতে দেখে মা বাঁচাতে এলে তাঁকেও মারধর করা হয়। ঘটনাকে কেন্দ্র

করে এলাকায় উত্তেজনা ছড়ায়। কিশোর বলেন, “এলাকার তৃণমূল কংগ্রেস নেতা রঞ্জন মন্ডলের নির্দেশেই এই হামলা হয়েছে। বিজেপি দল করার অপরায়েই বারে বারে আমার উপর ও আমার পরিবারের উপর এই অত্যাচার হচ্ছে। আমার বাড়ির ভাড়াটে তুলে দেওয়ার চেষ্টা করছিল মনোরঞ্জন। প্রতিবাদ করতে আমাকে মারধর করে। যদিও পাল্টা মনোরঞ্জনের দাবি, “ মিথ্যা অভিযোগ করছে কিশোর। আমি দোকান বন্ধ করে বাড়ি ফিরিলাম। ও আমাকে আঘমকই তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করে। স্থানীয়রা বিষয়টা দেখে ছেলেকে মারামারি হয়। গোসাবা ব্লক তৃণমূলের সহ সভাপতি তথা জেলা পরিষদের সদস্য অনিমেধ মন্ডল বলেন, ‘সন্দেশখালির ঘটনার আঁচ আমতলিতে ছড়ানোর চেষ্টা করছিলেন কিশোর।’

পূর্বস্থলী ১ ব্লকে যাত্রী প্রতীক্ষালয় নির্মাণের শুভ শিলাল্য়াস

দূরন্ত বার্তা, পূর্বস্থলী ১, ২৪ ফেব্রুয়ারিঃ পূর্বস্থলী ১ ব্লকের সমুদ্রগড় পঞ্চায়েতের অন্তর্গত নিমতলা বাজার এলাকায় কালনা কাটোমা এসটি কে কে রোডের পাশে পূর্ব বর্ধমান জেলা পরিষদের পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দকৃত অর্থে যাত্রী প্রতীক্ষালয় নির্মাণের শুভ শিলাল্য়াস অনুষ্ঠান অনুষ্ঠিত হলো। এদিন এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী স্বপন দেবনাথ, পঞ্চায়েত সমিতির সভাপতি দীলীপ মল্লিক, জেলা পরিষদের সদস্য অপর্যা মুন্সি, সদস্য আলিম মল্লিক, পঞ্চায়েত প্রধান রঞ্জিত দেবনাথ সহ আরো অনেকে। এই যাত্রী প্রতীক্ষালয় নির্মাণ করতে ব্যয় হবে ৫ লক্ষ ৩১ হাজার টাকা। যাত্রী প্রতীক্ষাল তৈরি হবে অনেকটাই সুবিধা হবে সাধারণ মানুষের।



ডিএম, এসপি-দের সঙ্গে বৈঠক রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের

কলকাতা, ২৪ ফেব্রুয়ারি ঃ শনিবার বিভিন্ন জেলার জেলাশাসক ও পুলিশ সুপারের সঙ্গে বৈঠক করলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ও তাঁর দফতরের অফিসাররা। রাজ্যের সব জেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি কেমন রয়েছে, সেই বিষয়ে এদিনের বৈঠকে আলোচনা হয়। পাশাপাশি রাজ্যের বিভিন্ন জেলায় স্পর্শকাতর বুথের তালিকা পাঠিয়ে আলোচনা হয়। এদিন সকাল দশটায় মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জেলা শাসক ও পুলিশ সুপারদের সঙ্গে এই বৈঠক করেন। উপস্থিত ছিলেন রাজ্যের এজিএনই শৃঙ্খলা ও কলকাতা পুলিশের পুলিশ কমিশনারও। জাতীয় নির্বাচন কমিশনের তরফে যে নির্দেশিকা দেওয়া হয়েছে, সেগুলি এদিন পাওয়ার পয়েন্ট

প্রেজেন্টেশনের মাধ্যমে জেলাশাসক ও পুলিশ সুপারদের কাছে তুলে ধরা হয়। ইতিমধ্যে কমিশন অফিসে স্পর্শকাতর অঞ্চল ও স্পর্শকাতর বুথের তালিকা জমা পড়েছে। যে সব স্পর্শকাতর বুথের তালিকা জমা পড়েছে, তা যাতে নিখুঁত থাকে সেই বিষয়ে সতর্ক করেছে মুখ্য নির্বাচনী অধিকারিকের দফতর। ইতিমধ্যে রাজ্যে ১২০ কেস্প্যানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার কথা জানিয়েছে নির্বাচন কমিশন। বিভিন্ন জেলায় যে সব স্পর্শকাতর বুথের তালিকা দেওয়া হয়েছে, তার ওপর নির্ভর করেই বিভিন্ন জেলায় এই বাহিনী মোতায়েন করা হবে। ইতিমধ্যে সন্দেশখালি সহ রাজ্যের বিভিন্ন জায়গায় বিভিন্ন হিংসাক্রম ঘটনা ঘটেছে। সেই বিষয়ে প্রশাসনকে আরও সতর্ক থাকার নির্দেশ দিয়েছে কমিশন।

ট্রাফিক সচেতনতার বার্তা দিতে গ্রামের প্রত্যন্ত প্রান্তে পৌঁছে গেলেন পুলিশ প্রশাসন

দূরন্ত বার্তা, কান্দি, ২৪ ফেব্রুয়ারিঃ অভিনব উদ্যোগে দেওয়া হল ট্রাফিক সচেতনতার বার্তা। মূর্শিদাবাদের বহরমপুর থানা ও ট্রাফিক এবং কান্দি থানার উদ্যোগে এবং জীবন্তি হল্ট শান্তি কমিটির সহযোগীতায় পালিত হলসেফ ড্রাইভ সেভ লাইফ কর্মসূচি । বাইক আরোহীদের হেলমেট পরা থেকে শুরু করে ট্রাফিক আইন মেনে চলাসহ বিভিন্ন পথ-নিরাপত্তা বিধি পালনে ইমো শিক্ষাধী এমনকি রাস্তার মোড়ে মোড়ে ব্যানার, পোস্টার দিয়ে এলাকার মানুষকে সচেতনতার বার্তা দেওয়া হয়। শনিবার জীবন্তি হল্টের একাধিক গ্রামের মানুষ এবং স্কুল

কলেজের ছাত্র ছাত্রীদের নিয়ে দুর্ঘটনার হাত থেকে নিজেকে বাঁচতে এবং অপরকে বাঁচাতে ট্রাফিক আইন মেনে চলার বার্তা দিতে গ্রামের প্রত্যন্ত প্রান্তে পৌছে গেলেন পুলিশ প্রশাসন। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন গোবর্ধ বিট হাউসের ওসি বসন্ত কবিরাজ, কর্ণস্বর্ণ পুলিশ ফাঁড়ির ওসি রাজ্জিম মল্লিক, তৎসং উপস্থিত ছিলেন আজিমগঞ্জ আরপিএফ অফিসার মিস্টার এ কে সিং এবং রেলের ডিপার্টমেন্ট আইবিবি রাজা রাম রয় এছাড়াও উপস্থিত ছিলেন বহরমপুর মহিলা থানার এসএসআই কাকলি মুখার্জি মহাশয়া। সভাপতিত্ব করেন শিক্ষক

বিশ কয়েকটি ভয়াবহ দুর্ঘটনা ঘটেছে। এ বিষয়ে গোবর্ধ বিট



অনারকদিন খান । উল্লেখ্য চলতি

হাউসের ওসি বসন্ত কবিরাজ বলেন আপনারা বাইকের সঙ্গে হেলমেট ব্যবহার করলে এই ধরনের দুর্ঘটনা থেকে অনেকটাই মুক্ত হতে পারবেন। এছাড়াও নাবালকদের যাতে বাইক যাতে না তুলে দেওয়া হয় সেদিক দিয়ে অভিবাকদের নজর রাখতে পরামর্শ দিয়েছেন। কর্মসূচী শেষে পোস্টার নিয়ে মোতাযাত্রার মাধ্যমে বিভিন্ন জীবন্তি হল্ট এলাকার বিভিন্ন মোড়ে সচেতনতার বার্তা দেওয়া হয়। পুলিশ প্রশাসন এবং জীবন্তি হল্ট শান্তি কমিটির এই উদ্যোগকে সাহুবাদ জানিয়েছেন এলাকার মানুষ।

খাওয়া-দাওয়া

পদে ছোট হলেও স্বাদে দশ গোল দেবে
সব্বাইকে, মুচমুচে কুচো চিংড়ির বড়া খেতে হেব্বি

সবে শিতের আমেজ গড়িয়ে উষ্ণ গরমের দিন আসছে। এখন বলতে গেলে হালকা গরম-ঠান্ডা চলছে। এই সময় এই প্রণালীর রাস্না স্বাদে গন্ধে আলাদা মাত্রা এনে দেবে।

গলদা কিংবা বাগদার কদর বরাবর হেঁশেলে বেশি হলেও, কুচো চিংড়িও কিন্তু কম যায় না। পদে ছোট হলেও স্বাদে দশ গোল দেবে সব্বাইকে। মধ্যাহ্নভোজ হোক কিংবা নৈশভোজ, গরম ভাতে গোটা কয়েক মুচমুচে কুচো চিংড়ির বড়া, আহা! দিব্য জমে যাবে। আর বানানোও খুব সহজ। বাটপট জেলে নিন রেসিপি।



উপকরণঃ
কুচো চিংড়ি- ২৫০ গ্রাম,
মুসুরডাল বাটা ১ কাপ,

বেসন- ১
টেবিল চামচ,
চালগুড়ো- ১ টেবিল

চামচ, কালো জিরে- আধ চা চামচ, পিঁয়াজ কুচি- ১ টেবিল চামচ, আদা-রসুন বাটা- ২ চা চামচ, কাঁচালঙ্কা কুচি- ২৩ টে, ধনেপাতা কুচি- ২ টেবিল চামচ, নুন, চিনি, হলুদ, লঙ্কাগুড়ো, সরষের তেল।



প্রণালীঃ
প্রথমেই চিংড়ি মাছ নিয়ে ভালো করে ধুয়ে আরেকটু কুচো করে কেটে নিন। এবার একটা পাত্রে চিংড়ি মাছ, মুসুর ডাল বাটা, বেসন, চালগুড়ো, পেঁয়াজ কুচি, কাঁচালঙ্কা কুচি, আদা-রসুন বাটা আর সমস্ত গুড়ো মশলা, নুন-হলুদ-চিনি দিয়ে ভালো করে শুকনো শুকনো মেখে নিন।
দেখবেন জল বেশি দেবেন না যেন।
এবার বড়ার আকারে গড়ে নিন। কড়ায় সরষের তেল গরম করে ভেজে তুলুন। গরম ভাতের সঙ্গে মুচমুচে কুচো চিংড়ির বড়া একেবারে জমে যাবে।

ত্রিপুরার বর্তমান
সরকার মানুষের
কল্যাণে কাজ
করছে : কৃষিমন্ত্রী

তেলিয়ামুড়া, ২৪ ফেব্রুয়ারি : শনিবার কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ খোয়াই জেলার তেলিয়ামুড়া মহকুমার মুন্সিয়াকামী ব্লকের নোনাছড়া এডিসি ভিলেজ পরিদর্শন করেন। তিনি জনজাতি অংশের মানুষের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হন। ভিলেজের বিভিন্ন এলাকা পরিদর্শনের সময় কৃষিমন্ত্রী ও জনজাতি কল্যাণমন্ত্রী প্রথমে তুইকল পাড়ায় স্থানীয়দের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়ের সময় কৃষিমন্ত্রী রতনলাল নাথ ভিলেজবাসীদের আশ্বিনীর্ভর হতে আনারস ও পাম ওয়েল চাষের পরামর্শ দেন। তিনি বলেন, জনজাতি অধ্যুষিত এলাকার বিকাশেও সরকার অগ্রাধিকার দিয়েছে। জনজাতি অধ্যুষিত এলাকাগুলিতে বিদ্যুৎ পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়া হচ্ছে। কৃষিমন্ত্রী জানান, নোনাছড়ার তুইকল পাড়া, দত্তমলসম পাড়া, গোমতী জেলার কিল্লা, ধলাই জেলার ছামনু, থালছড়া, রাজমঙ্গল এলাকায় পিএম কুসুম প্রকল্পে বিদ্যুৎ পরিষেবা পৌঁছে দেওয়া হচ্ছে। কৃষিমন্ত্রী এই জনবসতি এলাকায় বিদ্যুৎ, পানীয়জল, আবাসন প্রকল্পের সুযোগ যথাযথ ভাবে পৌঁছেছে কিনা সে বিষয়েও খোঁজ খবর নেন। তিনি ভিলেজ এলাকায় নবনির্মিত সোলার বেজড কমিউনিটি ওয়াটার পিউরিফিকেশন প্ল্যান্ট পরিদর্শন করেন।

কৃষিমন্ত্রী ও জনজাতি কল্যাণমন্ত্রী এদিন নোনাছড়া ভিলেজের দত্তমলসম পাড়ায় এবং সর্ধিপাডায় নবনির্মিত মাইক্রো সোলার প্ল্যান্ট দুটি পরিদর্শন করেন ও স্থানীয় জনজাতি অংশের মানুষের সাথে মতবিনিময় করেন। প্রসঙ্গত, নোনাছড়া এডিসি ভিলেজের বিভিন্ন এলাকা পরিদর্শনের সময় কৃষিমন্ত্রীর সাথে ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মী, মুন্সিয়াকামী বিএসির চেয়ারম্যান সুনীল দেববর্মী, ট্রেডার ডিজি মহানন্দ দেববর্মী, মুন্সিয়াকামী ব্লকের বিডিও সুশিল রিয়াং ও অন্যান্য আধিকারিকরা।

Name Change I, Tarak Singharay (old name) S/O Late Panehanan Singharay, Presently residing at 44, Chetta Road, Kolkata- 700027, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Tarak Singha Roy (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 23/02/2024. Tarak Singha Roy (new name) and Tarak Singharay (old name) both are same identical person.	Name Change I, Srisendu Mondal & Srisendu Mondal (old name) S/O Debabrata Mandal, Presently residing at Babulpur, P.O.- Sulochana, P.S.- Nandakumar, Purba Medinipur, Pin- 721651, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Srisendu Mandal (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 23/02/2024. Srisendu Mandal (new name) and Srisendu Mondal & Srisendu Mondal (old name) both are same identical person.
---	--

Name Change I,BIBHASH BALA,SON OF BHABEN- DRA BALA, RESIDING AT RAILWAY LINE GHAT ROAD,TEGHARIPARA,WARD 20,PO- NABADWIP, NADIA-741302,WEST BENGAL. SHALL HENCEFORTH BE KNOWN AS BIBHAS BALA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024.THAT BIBHASH BALA AND BIBHAS BALA BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.	Name Change I Prasenjit Sarkar, son of Nadiram Sarkar, residing at 12, BT road ,raathala, belgharia,Trinayana apartment, flat 3k, block 3, Kolkata- 700056,West Bengal. Shall henceforth be known as Prasenjit Sarkar vide an affidavit sworn before the notary public at kolkata on 23/12/2024.That Prasenjit Sarkar and Prasenjit Sarkar both are the same and one identical person.
---	--

Name Change I, Tapas Bandyopadhyay (old name) S/O Hrishikesh Bandyopadhyay, Presently residing at 18A Babu Bagan Lane, Dhakuria, Kolkata- 700031, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Tapas Bandyopadhyay (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 23/02/2024. Tapas Bandyopadhyay (new name) and Tapas Bandyopadhyay (old name) both are same identical person.	Name Change I ANKITA ROY, D/O SHEKHAR RAY ,R/O MADHUMITA APARTMENT, 36B, SELIMPUR LANE, KOLKATA - 700031, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ANKITA RAY, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024, THAT ANKITA ROY AND ANKITA RAY ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON
--	---

Name Change I, Mohammad Hasanujjaman Middya (old name) S/O Md Aftar Ali Middya, Presently residing at Chhoto Jagulia Khal Par, P.S.- Duttapukur, Dist- North 24 Pgs, Pin- 743294, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Md Hasanuj- jaman Middya (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 23/02/2024. Md Hasanujja- man Middya (new name) and Moham- mad Hasanujjaman Middya (old name) both are same identical person.	Name Change I, Shahbaz Ansari (old name) S/O Mo- hammed Salim, Presently residing at 10/1A, Kabithira Sarani, P.O.- Khid- derpore, Kolkata- 700023, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Mo- hammed Sahabaz Ansari (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 23/02/2024. Mo- hammed Sahabaz Ansari (new name) and Shahbaz Ansari (old name) both are same identical person.
--	--

Name Change I, Gouri Shankar Ghosh (old name) S/O Shanti Bhushan Ghosh, Presently re- siding at 33 Ramgarh Colony Naras- ingha Avenue, P.O.- Motihel, P.S.- Dumdum, Dist-North 24 Pgs, Pin- 700074, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Gouri Shankar Ghosh (new name) vide an affidavit sworn be- fore Notary public at Kolkata on 23/02/2024. Gouri Shankar Ghosh (new name) and Gouri Shankar Ghosh (old name) both are same identical person.	Name Change I, SNIGDHA ROY, D/O RADHIKA MOHON RAY, W/O SHEKHAR RAY, R/O MADHUMITA APARTMENT, 36B SELIMPUR LANE, KOLKATA - 700031, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SNIGDHA RAY, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024, THAT SNIGDHA ROY AND SNIGDHA RAY ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON
---	--

Name Change I ZAFAR MOHAMMED PYAROO HUS- SAIN, S/O SHAH HUSSAIN, R/O 12/M, PATWAR BAGAN LANE, E.S.I HOSPITAL SEALDAH, RAJA BAZAR, KOLKATA -700009, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ZAFAR HUSSAIN, VIDE AN AFFI- DAVIT SWORN BEFORE THE NO- TARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024, THAT ZAFAR HUSSAIN AND ZAFAR MOHAMMED PYAROO HUSSAIN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON	Name Change I,RAJESH KUMAR SRIVASTAV SON OF AWADHESH LAL SRIVASTAV, RESIDING AT FLAT 10 A, TOWER 5 SOUTH CITY, 375 PRINCIPAL AVENUE SHAH ROAD, KOLKATA -700068, WEST BENGAL, HENCEFORTH IS THE SAME PERSON AS RAJESH KUMAR SRIVASTAVA OR RA- JESH SRIVASTAVA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024.THAT RA- JESH SRIVASTAVA & RAJESH KUMAR SRIVASTAVA ALSO RAJESH KUMAR SRIV- ASTAV ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.
---	--

Name Change I BEGAM OLIVIA ISLAM, D/O JA- HARUL ISLAM, R/O 4/A,PICNIC GAR- DEN 3RD LANE,PO -TILJALA, PS - KASBA,KOLKATA - 700039, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS OLIVIA ISLAM, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024, THAT BEGAM OLIVIA ISLAM, AND OLIVIA ISLAM ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON	Name Change I,JOHN AMIT ROZARIO, SON OF ASIT RANJAN ROY BARMAN, RESID- ING AT VILL-KHALPARA,PO- BEGOPARA, PS-RANAGATH, NADIA-741256, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS AMIT ROZARIO VIDE AN AFFI- DAVIT SWORN BEFORE THE NO- TARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024.THAT JOHN AMIT ROZARIO AND AMIT ROZARIO BOTH ARE THE SAME AND ONE IDENTI- CAL PERSON.
--	---

Name Change I AALIBADDI & ALIBUDDI SAR- DAR,SON OF RASUL ALI SARDAR, RESIDING AT VILL-KHANTRA,PO- A MTA,PS-HAROA, NORTH+24PAR- G A N A S - 7 4 3 4 4 5 , W E S T BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS ALIBADDI SARDAR VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024.THAT AALIBADDI & ALIBUDDI SARDAR ALSO ALIBADDI SARDAR ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.	Name Change I, Rupa Singharay (old name) W/O Tarak Singha Roy, Presently residing at 44, Chetta Road, Kolkata- 700027, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Rupa Singha Roy (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 23/02/2024. Rupa Singha Roy (new name) and Rupa Singharay (old name) both are same identical person.
---	---

Name Change I NISAR AHMED, S/O SK ANAITUL- LAH, R/O MADHURI APARTMENT, FLAT NO B1, 2ND FLOOR, C-3/36, PO GOBINDAPUR, BBT, ROAD, SOUTH 24 PARGANAS, PIN-700141, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MD NISAR AHMED, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024, THAT NISAR AHMED AND MD NISAR AHMED ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON	Name Change I NEELA DEVI PODDER, D/O RANJIT LAL RAJGARIA, R/O 2, ASHOKA ROAD, ALIPORE, KOLKATA -700027, WEST BENGAL, SHALL HENCE- FORTH BE KNOWN AS NEELA DEVI PODDAR, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024, THAT NEELA DEVI PODDER AND NEELA DEVI PODDAR ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON
---	--

Name Change I SHEKHAR ROY, S/O TEJENDRA NATH RAY, R/O MADHUMITA APARTMENT, 36 B, SELIMPUR LANE, KOLKATA -700031, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SHEKHAR RAY, VIDE AN AFFIDAVIT SWORN BE- FORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024, THAT SHEKHAR ROY AND SHEKHAR RAY ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON	Name Change I PADHIYAR DHARMISHTHABEN NOGHANBHAI, D/O NONGHNBHAI JETHABHAI PADHIYAR, W/O NRAOT2, TOWER A, DLF, NEW TOWN, HEIGHTS AAILI, NEW TOWN, PS-TECHNO CITY, BID- HANWAGAR, PIN-700135, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS DHARMISHTHABEN GOHIL VIDE AN AFFI- DAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024.THAT PADHIYAR DHARMISHTHABEN NOGHANBHAI AND DHARMISHTHABEN GOHIL ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON
---	--

Name Change I, Tapas Kumar Bandyopadhyay (old name) S/O Late Lalit Mohan Banerjee, Presently residing at Chandra Vila, Haragopal Banerjee Road, P.O.- Ma- heshtala, Kolkata 700141, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Tapas Banerjee (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 23/02/2024. Tapas Banerjee (new name) and Tapas Kumar Bandyopad- hyay (old name) both are same identi- cal person.	Name Change I SHAIKH AIUB, S/O MOBARAK SEKH, R/O DURGAPUR, SAGARESWAR, EAST MEDINIPUR, PIN-721446, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SK AYUB, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024, THAT SHAIKH AIUB AND SK AYUB ALL ARE THE SAME AND ONE IDENTI- CAL PERSON
---	---

Name Change I, Mukhtar Hassan (old name) S/O Rah- mat Hussain, Presently residing at Nais- arai, Opposite Mines Resque, Ward No-02, Ramgarh Cantt, Jharkhand, Pin- 829122, India, have changed my name to (shall henceforth be known as) Mokhtar Hassan (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 23/02/2024. Mokhtar Has- san (new name) and Mukhtar Hassan (old name) both are same identical per- son.	Name Change I ANIMITA MULLICK, W/O SUVADEEP MULLICK, R/O 2A, KAVIRAJ ROW , PO C.R. AVENUE, PS BOWBAZAR, KOLKATA -700073, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ANIMITA SINGH ROY MULLICK, VIDE AN AFFIDAVIT SWORN BE- FORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 23/02/2024, THAT ANI- MITA MULLICK AND ANIMITA SINGH ROY MULLICK ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON
--	---

বিলোনিয়ায় যোগদান সভায় সিপিএম ছেড়ে

বিজেপিতে যোগদান ৪০ জন ভোটারের

বিলোনিয়া (ত্রিপুরা), ২৪ ফেব্রুয়ারিঃ ত্রিপুরায় ২০২৩ সালে বিধানসভা নির্বাচনে বিলোনিয়া বিধানসভা আসন হাতছাড়া হওয়ার পর শাসক বিজেপি সেই ক্ষতকে পুষিয়ে নিতে মরিয়া। একের পর এক বিরোধী দলের নেতাকর্মী ও সমর্থকদের শিবিরে টেনে নিয়ে বিরোধী দলের নেতাদের কপালে চিন্তার ভাঁজ ফেলে দিচ্ছেন। ২৪এর লোকসভা নির্বাচন যোগা এখনও হয়নি। এরই মধ্যে জোর কদমে চলছে দলীয় সংগঠনকে

সাজিয়ে তোলার কাজ। মণ্ডলের অন্তর্গত বুথে বুথে একদিকে চলছে জন সম্পর্ক অভিযান আর অন্যদিকে উঠান সভা। এই সভাতেই মধ্যে নবাগতদের দলে বরণ করে নিচ্ছেন নেতারা। একইভাবে ৩৫ বিলোনিয়া বিধানসভার ৩২ নং বুথের এক যোগদান সভা অনুষ্ঠিত হয়। ওই যোগদান সভায় ১২ পরিবারের ৪০ জন ভোটার সিপিআইএম ত্যাগ করে বিজেপি দলে शामिल হয়েছে। এদের মধ্যে রয়েছে দলীয় সংগঠনকে

দক্ষিণ ভারতচন্দ্র নগরের গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন সদস্য। আরোজিত যোগদান সভায় ৩৫ বিলোনিয়া মণ্ডলের মণ্ডল সভাপতি সৌমত সরকার ও মহিলা মোচার নেত্রী পুতুল পাল বিশ্বাস তাঁদের দলীয় পোতাকা হাতে তুলে দিয়ে বরণ করেন। সাথে ছিলেন শক্তি কেন্দ্র প্রমুখ, ৩২ নং বুথ সভাপতি, দক্ষিণ ভারতচন্দ্র নগর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান সুভাষ মজুমদার সহ শাসক দলের নেতারা

প্রধানমন্ত্রী মোদীর হাতে
উদয়পুরে উদ্বোধন খিলপাড়া
প্যাক্সের উদ্যোগে শস্য ভাণ্ডার

উদয়পুর (ত্রিপুরা), ২৪ ফেব্রুয়ারিঃ গোমতি জেলার উদয়পুরের খিলপাড়া প্যাক্সের উদ্যোগে শস্য ভাণ্ডারের উদ্বোধন হল শনিবার। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়ালি এই প্যাক্সের উদ্বোধন করেছেন। প্রসঙ্গত, ১৯৮০ সালে উদয়পুরের খিলপাড়া প্যাক্সের কাজ শুরু হয়।



আজ প্রায় ৪৩ বছর হতে যাচ্ছে এই প্যাক্সের জন্ম। আজকের এই দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের ১৩টি রাজ্যের ১৩টি জেলায় ১৩টি প্যাক্সের মাধ্যমে শস্য ভাণ্ডার গড়ে তোলার জন্য ৪৩৭ কোটি ব্যয়ে এই কাজ শেষ করে শনিবার ভার্চুয়ালি উদ্বোধন করা হয়। তার মধ্যে রাজ্যের উদয়পুরের খিলপাড়া প্যাক্সের আওতায় এই শস্য ভাণ্ডার গড়ে তোলা হয়েছে। বার খরচ হয়েছে ১ কোটি ৮৫ লক্ষ টাকা, জানান রাজ্যের অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়। আজকের এই ভার্চুয়ালি অনুষ্ঠানে

উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, গোমতি জেলার সহকারী জেলা সভাপতি দেবল দেবরায়, উদয়পুর পুরপরিষদের চেয়ারম্যান শীতল মজুমদার, এলাকার প্রধান সহ স্থানীয় জনগণ। অর্থমন্ত্রী বলেন, এখানে শস্য ভাণ্ডার গড়ে তোলার ফলে এলাকার জনগণের, বিশেষ করে কৃষকরা খুবই উপকৃত হবেন। প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর প্রচেষ্টায় এই শস্য ভাণ্ডার গড়ে তোলা হয়েছে। অনুষ্ঠানে কৃষকদের উপস্থিতি কম থাকলেও এলাকার লোকজনদের উপস্থিতি ছিল ব্যাপক।

ত্রিপুরার সিংহাই মোহনপুরের
বিজয়নগরে আসাম
রাইফেলসএর অভিযানে উদ্ধার
৪.০৯ কোটি টাকার গাঁজা

আগরতলা, ২৪ ফেব্রুয়ারি : পশ্চিম ত্রিপুরা জেলার সিংহাই মোহনপুর থানার অধীন বিজয়নগর এলাকা থেকে আসাম রাইফেলসএর জওয়ানরা প্রায় ৪.০৯ কোটি টাকা। আসাম রাইফেলস এবং কাস্টমস বিভাগের যৌথ অভিযানে গাঁজাগুলি উদ্ধার করা হয়েছে, প্রথমে আসাম রাইফেলসের জওয়ানরা এলাকাটি ঘিরে ফেলেন। পরে আসাম রাইফেলস এবং শুদ্ধ দফতরের যৌথ দল তল্লাশি চালিয়ে ৪.০৯ কোটি টাকা মূল্যের রাইফেলসের জওয়ানরা এলাকাটি ঘিরে ফেলেন। পরে আসাম রাইফেলস আগরতলার কাস্টমস বিভাগের কাছে হস্তান্তর করা হয়েছে। প্রসঙ্গত, আসাম রাইফেলস ত্রিপুরার ভবিষ্যতকে শক্তিশালী করার প্রয়াসে রাজ্যে অধৈর্য মাদক ও মাদক চোরালানের বিরুদ্ধে অবিরাম কাজ করে চলেছে।

ভাষা সৈনিক ধীরেন্দ্রনাথ দত্তের
বাড়িটি রাষ্ট্রীয়ভাবে সংরক্ষণের দাবি



শ্যামল সান্যাল : ভাষা সৈনিক ধীরেন্দ্রনাথ দত্তের কুমিল্লার বাড়িটি রাষ্ট্রীয়ভাবে সংরক্ষণের দাবি উঠেছে। ভাষা আন্দোলনে কুমিল্লার সন্তান ধীরেন্দ্রনাথ দত্ত সর্বপ্রথম পাকিস্তান গণপরিষদে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়ার প্রস্তাব তুলেছিলেন। তিনি সরকারি কাগজে বাংলা ব্যবহার না করার সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়েছিলেন। জানা যায়, ১৯৪৮ সালের ২৩ফেব্রুয়ারি পাকিস্তানের করাচিতে গণপরিষদের অধিবেশন শুরু হয়। ২৫ ফেব্রুয়ারিওই অধিবেশনে ধীরেন্দ্রনাথ দত্তই সর্বপ্রথম রাষ্ট্রভাষা বাংলা করার দাবিতে সোচ্চার হন।তিনি অধিবেশনে শিপকারের দৃষ্টি আকর্ষণ করে বলেন, গণপরিষদে যে কার্যবিবরণী লেখা হয় তা ইংরেজিওউর্দু ভাষায় লিপিবদ্ধ হয়। সমগ্র পাকিস্তানের৫৬ শতাংশ মানুষ বাংলা ভাষায় কথা

বলেন। অধিবেশনে ইংরেজিও উর্দু সঙ্গে বাংলা ভাষা ব্যবহারের দাবি তোলেন তিনি। তখনকার পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান এতে ক্ষিপ্ত হন। এতে ধীরেন্দ্রনাথ তৎকালীন পাকিস্তান সরকারের রোযাগলে পড়ে কয়েকবার কারাবরণ করেন। ভাষা আন্দোলনে ভূমিকা রাখার জন্য আগে থেকেই টার্গেট ছিলেন ধীরেন্দ্রনাথ। আর সে কারণেই ১৯৭১সালের২৯মার্চ গভীর রাতে পাকিস্তানি হানাদার বাহিনী কুমিল্লা নগরীর ধর্মসাগরের পশ্চিম পাড়েরএবাড়ি থেকে ধীরেন্দ্রনাথ দত্তওতার ছেলে দিলীপ কুমার দত্তকে ধরে নিয়ে যায় কুমিল্লা সেনানিবাসে। সেখানে ৮৫ বছর বয়স্কএদেশপ্রেমিক রাজনীতিককে অমানবিক নির্ধাতন চালায়।পরে বাবা-ছেলে দুজনকেই হত্যা করা হয়। পরবর্তীতে তাদের মরদেহের

সন্ধানও পায়নি পরিবার। এরপর থেকেএবাড়ির অবকাঠামো ক্রমেই ভেঙে পড়তে থাকে।বর্তমানে অব্যত-অবহেলায় পড়ে আছে ভাষা সৈনিক শহীদ ধীরেন্দ্রনাথ দত্তের স্মৃতিবিজড়িত বাড়িটি। বর্তমানে বাড়িটি দেখে বোঝার উপায় নেই, এখানে এক সময় অবিভক্ত পাকিস্তানের এক প্রথিতযশা বর্ষীয়ান রাজনীতিক বসবাস করতেন। দীর্ঘদিন ধরে বাড়িটি সংস্কারে কোনো উদ্যোগ বায়ো হয়নি, এতে ভাষা সংগ্রামের সঠিক ইতিহাস জানা থেকে বঞ্চিত হচ্ছে নতুন প্রজন্ম।

গবেষকওসংস্কৃতিক ব্যক্তিত্ব আহসানুল কবির বলেন, ধীরেন্দ্রনাথের বাড়িটি শুধু কুমিল্লাবাসীর না, এটি দেশের মানুষের অহংকারের জায়গা। কিন্তু দুঃখজনক বিষয় আজ বাড়িটি জীর্ণ অবস্থায় পড়ে আছে। বাড়িটিকে

মদ্যপ অবস্থায় বিদ্যালয়ের বাইরে গড়াগড়ি শিক্ষকেরঃ চাঞ্চল্য বৰ্ধমানে



সুজিত দত্ত, বৰ্ধমান, ২৪ ফেব্রুয়ারি : জেলা প্রশাসনিক ভবন থেকে টিলহোর্ডা দূরত্বে বিদ্যালয়, এমনকি জেলা প্রাথমিক শিক্ষা সংসদ থেকে টিল হোর্ডা দূরত্বে বিদ্যালয়ে প্রবেশের পথেই মদ্যপ অবস্থায় পরে রয়েছেন বিদ্যালয়েরই শিক্ষক। আর এই ঘটনাকে কেন্দ্র করে শনিবার তীব্র চাঞ্চল্য ছড়ালো বৰ্ধমান শহরে। বৰ্ধমান শহরের ব্যতমত এলাকায় অবস্থিত বৰ্ধমান শিবকুমার হরিজন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা তাদের শিক্ষকের এই কাভ দেখে হতবাক। এদিন সকাল ১০টা নাগাদ ওই বিদ্যালয়ের হিন্দি বিভাগের শিক্ষক জয়রাম কুমার সিং কে স্কুলের প্রবেশপথের মূল গেটের সামনে মদ্যপ অবস্থায় পরে থাকতে দেখা যায়। আর তাকে থিফট আইনি নানা প্রশ্ন স্থানীয় বাসিন্দা সহ অবিভাবক - অবিভাবিকা এবং স্কুল পড়ুয়াদের। ভিতরে তখন ক্লাস চলছিল।

বয়স্ক নাগরিকদের কি কি ধরনের আইনি অধিকার আছে, সে সম্পর্কে সচেতনতা শিবির

দূরন্ত বার্তা, হলদিয়া, ২৪ ফেব্রুয়ারি : হলদিয়ার সতীশ সামন্ত ট্রেড সেন্টারে অনুষ্ঠিত হয়ে গেল মেগা লিগেল অ্যাওয়ারেনেস ক্যাম্প। ২৪ ফেব্রুয়ারি শনিবার বেলা ১১.০০ টা থেকে শুরু হয় অ্যাওয়ারেনেস ক্যাম্প। পশ্চিমবঙ্গ রাজ্য আইনি পরিষেবা কর্তৃপক্ষের সহায়তায় জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ, পূর্ব মেদিনীপুর এই আইনি সচেতনতা শিবিরের আয়োজন করে। কলিকাতা হাইকোর্টের মহামান্য বিচারপতি জািসিস ইন্দ্রপ্রসন্ন মুখার্জি এই আইনি সচেতনতা শিবিরের মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রদীপ প্রজ্ঞনের মধ্য দিয়ে শুরু হয় আইনি সহায়তা সচেতনতা শিবির। বয়স্ক নাগরিকদের কি কি ধরনের আইনি অধিকার আছে, সে সম্পর্কে তাদের এবং জনসাধারণকে সচেতন করার উদ্দেশ্যে এবং জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের সঙ্গে কাজ করা পার্শ্ব আইনি স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষিত করার জন্য এই শিবিরটি পরিচালিত হয়। বিশিষ্ট বক্তাদের মধ্যে উপস্থিত ছিলেন খজাপুর অহিআহিটির রাজীব গান্ধী স্কুল অফ ইন্টেলেকচুয়াল প্রপার্টি লয়ের অধ্যাপক শ্রেয়

সকালবেলায় দুঃসাহসিক চুরির ঘটনা ঘটলো ফুলবাড়ীতে, চাঞ্চল্য

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ ফেব্রুয়ারি : দিনের আদোয় দুঃসাহসিক চুরির ঘটনা ঘটলো ফুলবাড়ী ২ নং গ্রাম পঞ্চায়েত এলাকার রাজীবনগরে। ঘটনার পর এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। এই চুরির ঘটনাটি সামনে আসে শুক্রবার সন্ধ্যা ৭টা নাগাদ। এই বাড়িতে থাকেন শিবানী দাস ও তার ছেলে সুদীপ দাস। কয়েকদিন আগে শিবানী দেবী আত্মীয়ের বাড়িতে বেড়াতে যান বাড়িতে একই থাকতেন ছেলে সুদীপ দাস এরকে বিকি। ভূতদিনের মতো ঘরে তালো বন্ধ করে সকালে কাজের উদ্দেশ্যে বেরিয়ে যায় বিকি। শুক্রবার সন্ধ্যা নাগাদ ঘরে ফিরতেই দেখতে পান বাড়ির দুটি তালো ভাঙ্গা রয়েছে ঘরে ঢুকতেই দেখতে পান সবকিছু লুণ্ঠভ্য। তিনি চিৎকার করতই পাড়া-প্রতিবেশীর ছুটে আসেন। এরপর তালো ভাঙার আলমারিতে রাখা ৩৫ হাজার টাকা, একটি সোনার চেন ও আংটি আলমারিতে নেই। ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। রাতেই নিউ জলপাইগুড়ি থানায় খবর দিলে সাদা পোশাকের পুলিশ এসে সরজমিনের খতিয়ে দেখেন এবং ঘটনার তদন্ত শুরু করেন। তবে এদিনের চুরির ঘটনার পর এলাকায় মানুষেরা আতঙ্কিত হয়ে পড়েন, বলছেন দিনের আলোয় যদি এভাবে চুরি হয় তাহলে রাতে কি হবে এই ভেবে এখন সকলেই আতঙ্কিত।

মাঘী পূর্ণিমা উপলক্ষ্যে মালদা জেলার সাদুল্লাপুর এলাকায় জমজমাট মেলা

দূরন্ত বার্তা, মালদা, ২৪ ফেব্রুয়ারি : মাঘী পূর্ণিমা উপলক্ষ্যে মালদা জেলার সাদুল্লাপুর এলাকায় জমজমাট মেলা। মরা ভাগীরথী নদীতে স্নান করেন

হাজার হাজার পুণ্যার্থী। জেলা ও ভিন জেলা থেকে হাজার হাজার মানুষ ভিড়ে জমিয়েছিলেন সাদুল্লাপুর মহাশ্মশানে। পরিবারের মঙ্গল কামনা করে গঙ্গাস্নানের পর পূজার্চনা করেন পুণ্যার্থীরা। মেলায় যাতে অপ্রীতিকর ঘটনা না ঘটে সেই কারণে মেলা প্রাঙ্গণে উপস্থিত ছিল বিপর্যয় মোকাবিলা দপ্তরের কর্মী ও বিশাল পুলিশ বাহিনী। বহুদিন ধরে পুণ্যার্থীরা স্নান করতে আসেন ভাগীরথী নদীতে। তবে শুধু স্নান নয় মেলার অন্য আকর্ষণ সাদুল্লাহপুরের হাতি পাইয়া লুচি। হাতির পায়ের ছাপের মতো বড় আকারের লুচি বিক্রি হয় সাদুল্লাপুর এলাকায়। তাই তার নাম হাতিপাইয়া লুচি। এর পাশাপাশি বকমারি মিষ্টি বিক্রি হয় নেলায়। মাটির তৈরি খেলনা, চরকি, বেলুন সহ বিভিন্ন সামগ্রীর পসরা সাজিয়ে বসেন বিক্রেতারা। সব মিলিয়ে শনিবার জমজমাট ভিড় জমে মাঘী পূর্ণিমার মেলায়।

অনির্দিষ্টকালের জন্য ধর্ণায় বিজেপি

দূরন্ত বার্তা, বৰ্ধমান, ২৪ ফেব্রুয়ারি : শেখ শাহাজাহানের গ্রেপ্তার এবং সন্দেহমূলকভাবে শাস্তি ও নিরাপত্তার দাবীতে অনির্দিষ্টকালের ধর্ণা কর্মসূচি নিলে পূর্ব বর্ধমান জেলা বিজেপি। শেখ শাহাজাহানের ফাঁসি চাই, সন্দেহমূলক বলছে - মমতা হাসকে এইরকম প্রতিবাদমূলক গ্ল্যাংকেড নিয়ে বর্ধমানের কার্জনগেট চত্বরে ধর্ণায় বসে জেলা যুবমোর্চার ও মহিলামোর্চা মৌদাভাবে। এদিনের ধর্ণাধক্ষ থেকে অবিলম্বে শেখ শাহাজাহান কে গ্রেপ্তারের করতে হবে দাবী তুলে স্লোগান দেওয়া হয়। পূর্ব বর্ধমান জেলা বিজেপির যুবমোর্চার সাধারণ সম্পাদক সুধিরজন সাউ বলেন, পুলিশ দলদলে পরিনত হয়েছে বলেই শাহাজাহান কে গ্রেপ্তার করছে না কিন্তু এই পুলিশ বিজেপি কে রুখতে তৎপরতা করতে দেখা যায়। আমাদের দাবী, আমরা মমতা পুলিশ চাই না, পশ্চিমবঙ্গ পুলিশ চাই। তাই যতক্ষণ না শেখ শাহাজাহান গ্রেপ্তার হচ্ছে, ততক্ষণ পর্যন্ত চলবে এই ধর্ণা চলবে বলে জেলা সুধীরজন বাবু।

অন্যান্য শিক্ষকরা স্কুলের গেট বন্ধ করে ওই শিক্ষককে স্কুলে ঢুকতে দেয়নি। স্কুল কর্তৃপক্ষের দাবি, কয়েকবছর ধরে উনি মদ্যপ অবস্থায় স্কুলে আসছেন। শনিবার ওই অবস্থায় স্কুলের গেটের সামনে তিনি পড়ে যান। পথচলতি লোকজন এই ঘটনা নিয়ে হতবাক। বিষয়টি আগে উচ্চমহলে জানানো হয়েছে বলে স্কুলের তরফে জানা গিয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা সংসদের চেয়ারম্যান মধুসূদন ভট্টাচার্য্য বলেন, বিক্ষ্যটি তিনি শুনেছেন। কি হয়েছে শোঁজ খবর নিয়ে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। এই প্রসঙ্গে, জেলা স্কুল পরিদর্শক (প্রাথমিক) দেবব্রত রায় বলেন, ঘটনার কথা শুনেছি। মঙ্গলবার জেলা প্রাথমিক শিক্ষক সংসদের চেয়ারম্যানের সঙ্গে আলোচনা করে এই বিষয়ে পদক্ষেপ করা হবে। তিনি আরও বলেন, অতীতেও এই ঘটনা ঘটেছিল বলে তিনি জানতে পেরেছেন। সব দিক খতিয়ে দেখে পদক্ষেপ করা হবে বলে জেলা স্কুল পরিদর্শকের আশ্বাস। স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জানান আমাদের নিরাপত্তা বাচ্যাদের নিরাপত্তা অভাব বোধ করছি আমরা খুবই আমরা অফিসকে জানিয়েছি চেয়ারম্যানকে কাগজপত্র দরখাস্ত জমা দেবো মঙ্গলবারে এবার অফিস যা ভালো বুঝবে করবে। উল্লেখ্য, ছাত্রছাত্রীদের সমাজ ও চরিত্রগঠনের পাঠ পড়ান শিক্ষকরাই। সেখানে শিক্ষকের এ হেন অবস্থায় দেখে ছাত্রছাত্রীদের মনে কতটা প্রভাব পরবে সে বিষয়ে উদ্ভিগ্ন অভিভাবক - অভিভাবিকারা।

বয়স্ক নাগরিকদের কি কি ধরনের আইনি অধিকার আছে, সে সম্পর্কে সচেতনতা শিবির

মতিলাল পূর্ব মেদিনীপুর জেলা ও দায়রা বিচারক শ্রী প্রিয়ব্রত দত্ত। উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক (সাধারণ) শ্রী সৌভিক মুখোপাধ্যায় উপস্থিত ছিলেন জেলা সমাজকল্যাণ আধিকারিক শ্রী সুদীপ বিশ্বাস, অতিরিক্ত পুলিশ সুপার হলদিয়া শ্রী মনোরঞ্জন ঘোষ, তদন্তকর্ম মহকুমার শাসক শ্রী দিপেন্দ্র মজুমদার। এছাড়াও তমলুক, হলদিয়া ও কাঁথি আদালতের সমস্ত বিচারকগণ, হলদিয়া মহকুমার সমস্ত পুলিশ আধিকারিকগণ ও সমষ্টি উন্নয়ন আধিকারিকগণ, পূর্ব মেদিনীপুর জেলার সব মহকুমা শাসকগণ পূর্ব মেদিনীপুরের বিভিন্ন প্রান্ত থেকে আগত প্রায় ৩০ জন বয়স্ক নাগরিক, হলদিয়া ল কলেজের শিক্ষক ও ছাত্রছাত্রীরা এবং জেলার বিভিন্ন প্রান্তে কর্মরত পার্শ্ব আইনি স্বেচ্ছাসেবক গন। মাননীয় বিচারপতি শ্রী মুখার্জি বলেন আজকের দিনে দাঁড়িয়ে বয়স্ক নাগরিকদের আইনি অধিকার নিয়ে আলোচনা করতে হচ্ছে এটাই আমাদের কাজ একেটি লজ্জার বিষয়। আমরা কেন স্বতঃস্ফূর্তভাবে আমাদের প্রবীণ নাগরিকদের সম্মান জানাতে পারছি না, তাদের দেখভাল করতে পারছি না, এ

পিত্তল সহ গ্রেপ্তার ১

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ ফেব্রুয়ারি : শিলিগুড়ি জংশন এলাকা থেকে পিত্তল সহ এক জনকে গ্রেপ্তার করেছে প্রধান নগর থানার পুলিশ । গতকাল গোপন সূত্রের খবর পেয়ে প্রধান নগর থানার সাদা পোষাকের পুলিশ মুকেশ বিশ্বকর্মা বাড়ি সিকিমে রানিপুল এলাকাতে। গতকাল সন্ধ্যাবেলাতে জংশন এলাকাতে পিত্তল নিয়ে যোরাকেরা করছিলো খবর যায় প্রধান নগর থানার পুলিশের কাছে পুলিশ কে দেখতে পারলে ভাগাচেষ্টা করলে পুলিশ তাদের ধরে ফেলে । তাকে তল্লাশি করলে তার কাছ থেকে গুলি সহ একটি পিত্তল উদ্ধার করে প্রধান নগর থানার পুলিশ। আজ গৃহ মুকেশ বিশ্বকর্মা কে শিলিগুড়ি আদালতে পাঠানো হয় ।

পুলিশী সহযোগিতায় চুরি যাওয়া বাইক ফিরে পেল ব্যক্তি

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ ফেব্রুয়ারি : চুরি যাওয়া বাইক উদ্ধার করে মালিকের হাতে ফিরিয়ে দিল নিউ জলপাইগুড়ি থানার পুলিশ। গত ৩ ফেব্রুয়ারি শিলিগুড়ির কান্ধীর কলোনি থেকে একটি বাইক চুরি হয়। সেদিনই লিখিত অভিযোগ নিয়ে পুলিশের দারস্থ হন কান্ধীর কলোনির বাসিন্দা তন্ময় মুখোপাধ্যায়। সেই মতো তদন্তে নামে পুলিশ। ঘটনার পরদিন অর্থাৎ ৪ ফেব্রুয়ারি রাতে স্থানীয় মোর বাজার এলাকা থেকে উদ্ধার হয় বাইকটি। সঙ্গে মহম্মদ হাবুল ও মহম্মদ রেজ্জাক নামের দুজনকে বাইক চুরির অভিযোগে গ্রেফতার করা হয়। ৫ তারিখ ধৃতদের জলপাইগুড়ি আদালতে পাঠানো হয় বিচারক ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশে। অন্যদিকে উদ্ধার হওয়া বাইকের প্রকৃত মালিক তন্ময় মুখোপাধ্যাকে খবর দেওয়া হয়। তিনি এনেজপি থানায় এসে বাইকটি চিহ্নিত করে যান। শনিবার সেই চুরি যাওয়া বাইকটি আইনী প্রক্রিয়া ভেদে পুলিশ প্রকৃত মালিকের হাতে তুলে দেয়া। বাইক পেয়ে পুলিশী প্রশংসায় পঞ্চমুখ হন তন্ময় মুখোপাধ্যায়।

মোথাবাড়িতে বিভিন্ন টেন্ডারসভা সহ উন্নয়নের কাজে কাজে বিরোধী দলনেতাকে গুরুত্ব না দেওয়ার অভিযোগ কংগ্রেসের

তনয় কুমার মিশ্র, মালদা, ২৪ ফেব্রুয়ারি : কালিয়াচকের বিভিন্ন পঞ্চায়েত সমিতিতে বিরোধীদের গুরুত্ব না দেওয়ার অভিযোগ ওঠেছে। লোকসভা ভোটের মুখে এই ইস্যুতে পথে নামছে কংগ্রেস। কালিয়াচক এক এবং দুই নম্বর ব্লকে এই অভিযোগে স্বেচ্ছার হয়েছে কংগ্রেস নেতৃত্ব। সম্প্রতি মোথাবাড়িতে বিভিন্ন টেন্ডার সহ উন্নয়নের কাজে কাজে বিরোধী দলনেতাকে গুরুত্ব না দেওয়ার অভিযোগ উঠেছে। কালিয়াচক দুই নম্বর ব্লকের বিরোধী দলনেতা লিখিত ভাবে বিডিও ও জেলাশাসক সহ একাধিক আধিকারিকদের কাছে অভিযোগ জানিয়েছেন।

রাজ্যসরকারের জল জীবন মিশনে প্রতি ঘরে পানীয় জল

দূরন্ত বার্তা, বীরভূম, ২৪ ফেব্রুয়ারি : রাজ্যসরকারের উদ্যোগে জন স্বাস্থ্য পরিগরী বিভাগের জল জীবন মিশন প্রকল্পের আওতায় শনিবার থেকে প্রতি ঘরে পানীয় জল প্রকল্পের কাজের সূচনা করলেন মন্ত্রী চন্দ্রনাথ সিনহা। মন্ত্রী জানান, মুখ্যমন্ত্রীর উদ্যোগে ১০,১৮,৪৫,৮২০ টাকা ব্যয়ে ইলামবাজার ব্লকে হলুদ গোড়ে গ্রামে এই জল প্রকল্পের কাজের সূচনা হয়। প্রায় ৮ টি মৌজার মানুষ এই জল প্রকল্পের কাজে উপকৃত হবে। জানা গেছে, ইলামবাজার ব্লকের শীর্ষা পঞ্চায়েতের ভবানীপুর ও তৎসংলগ্ন এলাকায় শুনমুনি, সুদুট, সাক্ষা, ভবানীপুর, উত্তরকোনা, তারাপুর, রংপুর, সাহাপুরে এই জল মিশন প্রকল্পের সাধারণ মানুষ উপকৃত হবে বলে। শীর্ষা পঞ্চায়েত প্রধান ফরিদা বিবি বলেন, শনিবার থেকে ইলামবাজার ব্লকে হলুদ গোড়ে গ্রামে এই জল প্রকল্পের কাজের সূচনা হয়। প্রায় ৮ টি মৌজার মানুষ এই জল প্রকল্পের কাজে উপকৃত হবে।

এক্স-রে রিপোর্টের ছবি পাচ্ছেন না জলপাইগুড়ি হাসপাতালে আসা রোগীরা

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৪ ফেব্রুয়ারি : অ্যান্ড্রয়েড মোবাইল ফোন না থাকলে এক্স-রে রিপোর্টের ছবি পাচ্ছেন না জলপাইগুড়ি হাসপাতালে আসা রোগীরা। এই নিয়ে চরম ভোগান্তিতে পড়তে হচ্ছে হাসপাতালে চিকিৎসা



বিষয়টি নিয়ে শুক্রবার জলপাইগুড়ি জেলা স্বাস্থ্য আধিকারিকের দপ্তরের সামনে এসে বিক্ষোভ দেখান বিজেপি সমর্থকরা। বিজেপি নেতা মনোজ শাহ বলেন, অ্যান্ড্রয়েড মোবাইল ফোন না থাকলে এক্স-রে রিপোর্টের ছবি পাচ্ছেন না হাসপাতালে চিকিৎসা করাতে আসা রোগী ও তাদের আত্মীয়রা। বিষয়টি নিয়ে খুবই সমস্যা় পড়তে হচ্ছে সাধারণ মানুষকে। এরই প্রতিবাদে আন্দোলনে নেমেছেন তারা। এছাড়া আরও বিভিন্ন দাবি নিয়ে স্বাস্থ্য দপ্তরের আধিকারিকের কাছে একটি ডেপুটেশন দেওয়া হয়েছে।

গরুমারা জঙ্গল ধংস করে বেসরকারি প্রতিষ্ঠান, হাইকোর্টের দারস্থ বিধায়ক

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ ফেব্রুয়ারি : একটি বেসরকারি সংস্থা গরুমারা জঙ্গল কেটে সেখানে ইকো হাব ই টুরিজম গড়ে তোলার বিরোধিতা করে শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ হাইকোর্টের দারস্থ হতে চলেছে। শনিবার শিলিগু ডি জার্নালিস্ট ক্লাবের কক্ষে এক সাংবাদিক সম্মেলন করে জানান সরকারের সহযোগিতায় একটি বেসরকারি সংস্থা সারি সারি গাছ কেটে সেখানে পর্যটন স্থান গড়ে তুলছেন। এর বিরোধিতা জানিয়ে ইতিমধ্যে এইনের দারস্থ হয়েছেন। সেখান থেকে সঠিক কোন সুরাহা না মেলায় এখন হাইকোর্টে দারস্থ হয়েছে বিধায়ক।

ডাম্পারের ধাক্কায় মৃত্যু ২ স্কুল পড়ুয়ার, পলাতক চালক ও খালাসি

দূরন্ত বার্তা, বৰ্ধমান, ২৪ ফেব্রুয়ারি : শনিবার বিকালে বেপরোয়া ডাম্পারের ধাক্কায় মর্মান্তিক মৃত্যু হল দুই স্কুল পড়ুয়া। ঘটনাটি ঘটেছে পূর্ব বর্ধমানের রায়না থানার সগড়াই মোড় এলাকায়। মৃত দুই ছাত্রের নাম হারাহন সিংহ (১৬) ও প্রলয় মালিক (১৫)। তাদের বাড়ি রাজনার নাড়ুগ্রামে। স্থানীয় সূত্রে জানা গেছে, এদিন স্কুল থেকে ফিরে ওই দুই কিশোর সাইকেল নিয়ে বেড়াতে বেরায়। বিকেল তিনটের নাগাদ সগড়াই মোড় থেকে নাড়ুগ্রামের দিকে সাইকেল নিয়ে ফিরছিল দুই ছাত্র। সেই সময় শ্যামসুন্দর - এর দিক থেকে সগড়াই মোড়ের দিকে আসা একটি ডাম্পার জট গতিতে এসে এই দুই ছাত্রকে মুখোমুখি ধাক্কা মারে এবং নিম্নপ্রস্থ হারিয়ে রাস্তার পাশে জমিতে উল্টে যায়। দুর্ঘটনার খবর পেয়েই রায়না থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছে আশঙ্কাজনক অবস্থায় দুই কিশোরকে উদ্ধার করে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠালে চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন। পুলিশ ঘাতক ডাম্পারটিকে আটক করেছে। পলাতক চালক ও খালাসির খোঁজে তল্লাশি শুরু করেছে। ওই রাস্তায় স্পিড ব্রেকার ও সিডিক ডলেনিটায়ের মোতায়েনের দাবী জানিয়েছে স্থানীয় বাসিন্দারা।

লোকসভায় তৃণমূলের হয়ে প্রচারে নামতে চলেছে বিদ্যুৎ কর্মীরা

দূরন্ত বার্তা, বৰ্ধমান, ২৪ ফেব্রুয়ারি : আসম লোকসভা নির্বাচনে বিদ্যুৎ পর্যদের কর্মীদের বড় ভূমিকা থাকে। সারা রাজ্যের ১৫ হাজার বিদ্যুৎ কর্মী তৃণমূল কংগ্রেসের হাত শক্ত করতে নির্বাচনের প্রচারে নামতে চলেছে। কাগণ, পিএমএ, বিজেপি এই নির্বাচনে তৃণমূল কংগ্রেসের প্রার্থীদের হারাতে বিশ্বেসযোগ্যতা করবে। তা আটকানোর জন্য কর্মীদের সংগঠিত করতেই জেলায় জেলায় তাদের কর্মী সভা বসে জানান রাজ্য বিদ্যুৎ পর্যদের সাধারণ সম্পাদক অরিজিত দত্ত। কেন্দ্রীয় শ্রম নীতির প্রতিবাদে ও শ্রমিকদের বিভিন্ন দাবী নিয়ে শনিবার এক কর্মীসভার আয়োজন করলো পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদ এমপ্রজিগ ইউনিয়নের পূর্ব বর্ধমান জেলা কমিটি। শনিবার বৰ্ধমান লায়ল ক্লাবে জেলার বিদ্যুৎ কর্মীদের নিয়ে আয়োজিত হল এই সভা। উপস্থিত ছিলেন ইউনিয়নের সাধারণ সম্পাদক অরিজি দত্ত, জেলা সাধারণ সম্পাদক প্রিঙ্কর নদী সহ অন্যান্য নেতৃব্বরা। সকল স্থায়ী কর্মীদের জন্য সপোনান, অস্থায়ী কর্মীদের বেতন বৃদ্ধি এবং অফিস এঞ্জিনিয়রটিউডের পদমোতিতে বৈষম্য দূর করার দাবী রাজ্য সরকার কে জানানো হয় ইউনিয়নের পক্ষ থেকে।

কোন কাজ করা হচ্ছে না। কোন উন্নয়নমূলক সভায় বিরোধীদের ডাকা হয় না। এরফলে এলাকা উন্নয়ন ব্যাহত হচ্ছে। কালিয়াচকের বিভিন্ন এলাকায় অ্যানুয়াল প্লেনে কংগ্রেসীদের স্কিম ঢুকানো হচ্ছে না এতে একটি বড় এলাকা উন্নয়ন থেকে বঞ্চিত হচ্ছে। পঞ্চায়েত সমিতির সভাপতি অঞ্জলি মন্ডল জানিয়েছেন, অভিযোগ ভিত্তিহীন। আইন মেনেই সমস্ত কাজ হয়। প্রতিটি কাজের টেন্ডারে স্থায়ী সমিতি সহ একাধিক কমিটির সভা হয়। বিডিও বিষয়টি নিয়ে স্ক্রল না জানানোও জয়েন্ট বিডিও সৌরভদেব জানিয়েছেন, এমন কোনো নিয়ম নাই যে বিরোধী

দলনেতা কে ডাকতে হবে। যেকোনো টেন্ডার অর্থ স্থায়ী সমিতির ও টেন্ডার কমিটির সভা ডেকেই হয়। বিরোধীদের অভিযোগ থাকতেই পারে। আমরা অভিযোগ গুলো অবশ্যই খতিয়ে দেখবো। কালিয়াচক ২ নম্বর ব্লকের পাশাপাশি সম্প্রতি কালিয়াচক ১ ব্লকের কংগ্রেসের পঞ্চায়েত সমিতির সদস্য ও বিরোধী দলনেতাকে গুরুত্ব না দেওয়ার অভিযোগ তুলে কালিয়াচক ১ বিডিওর সঙ্গে সাক্ষা করছেন দক্ষিণ মালদার সাংসদ আবু হাসেম খান চৌধুরী সহ কংগ্রেস নেতৃত্ব। সংসদ স্পষ্ট ভাবে জানিয়েছেন কালিয়াচকের বিভিন্ন এলাকায় অ্যানুয়াল প্লেনে

কংগ্রেসিদের স্কিম ঢুকানো হচ্ছে না এতে একটি বড় এলাকা উন্নয়ন থেকে বঞ্চিত হচ্ছে। আমরা এর শেষ দেখে ছাড়বো। কালিয়াচকের কংগ্রেসের ব্লক সভাপতি মিজানুর রহমানের অভিযোগ, কালিয়াচকে কংগ্রেসের ১৬ জন সদস্য রয়েছে। বিভিন্নভাবে তাদের বঞ্চিত করা হচ্ছে ফলে এলাকার উন্নয়ন ও স্তব্ধ হয়ে গেছে। যদিও মন্ত্রী সাবি সাবিনা ইয়াসমিন বিরোধীদের এই অভিযোগকে উড়িয়ে দিয়েছেন। মন্ত্রীর বক্তব্য রাজ্য সরকারের উন্নয়ন প্রতিটি বাড়িতে পৌঁছে দেওয়া হচ্ছে। বিরোধীরা ভোটের সময় কোন ইস্যু না পেয়ে এই ধরনের মিথ্যা অভিযোগ আনছে।

সগড়াই গ্রাম পঞ্চায়েতের সহায়তা শিবিরে উচ্ছাস মানুষের

দূরন্ত বার্তা, বৰ্ধমান, ২৪ ফেব্রুয়ারি : জব কার্ড হোল্ডারদের তালিকাভুক্ত করনের প্রক্রিয়া শনিবার শপ্তম দিনে পড়ল। আগামীকাল রবিবার এই ক্যাম্প শেষ হবে। পূর্ব বর্ধমান জেলার অন্তর্গত সগড়াই অঞ্চলের প্রায় পাঁচ হাজার জন জব কার্ড হোল্ডার ১০০ দিনের কাজের টাকা পান। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছেন কেন্দ্র সরকারের না দেওয়া ১০০ দিনের কাজের বাক্য্য টাকা রাজ্যের পক্ষ থেকে জব কার্ড হোল্ডারদের একউটে পৌঁছে দেওয়া হবে।

সেই কারণেই সারা রাজ্যের প্রত্যেকটা পঞ্চায়েতে এলাকায় জব কার্ড হোল্ডারদের জন্য সহায়তা শিবির খুলে নথিপত্র জমা নেওয়ার কাজ চলছে জোরকদমে। সারা রাজ্যের পাশাপাশি পূর্ব বর্ধমান জেলার খণ্ডোয় ব্লকের সগড়াই গ্রাম পঞ্চায়েতের সামনে এক সহায়তা শিবিরের আয়োজন করা হয়েছে। সহায়তা শিবিরে আগত মানুষদের আদম্ভ উচ্ছাস চোখে পড়ার মতো। এছাড়াও দল্লমীর ভান্ডারের ভাতাবৃদ্ধি করার জন্য রাজ্যের

জনসংযোগ বিভাগ বিভিন্ন মেট্রো স্টেশনে নিরাপত্তা সচেতনতা অভিযান পরিচালনা করেছে

কলকাতা, ২৪ ফেব্রুয়ারি : প্ল্যাটফর্মে ট্রেন না থাকলে মেট্রো স্টেশনগুলিতে হলুদ লাইন অতিক্রম করা একটি সমস্যা যা বিশেষত পিক আওয়ারে মারাত্মক হতে পারে। এটি রু লাইন এবং

যাত্রাকে দুর্ঘটনামুক্ত করতে মেট্রো কর্তৃপক্ষকে সহযোগিতা করার প্রতিশ্রুতি দিয়েছেন। মেট্রো রেলের মধ্য জনসংযোগ আধিকারিক শ্রী কৌশিক মিত্র জানিয়েছেন, মেট্রো যাত্রীদের এই বিপজ্জনক অনুশীলন



পার্পল লাইনের মেট্রো স্টেশনগুলিতে অন্যাক্ষিক্ষিত দুর্ঘটনার কারণ হতে পারে যা মেট্রো পরিষেবাগুলিকে প্রভাবিত করতে পারে এবং হাজার হাজার যাত্রীদের ভোগান্তির কারণ হতে পারে। মেট্রো রেলওয়ার পাবলিক রিলেশন ডিপার্টমেন্টের আধিকারিক ও কর্মীরা আজ ২৪.০২.২০২৪ তারিখে মাস্টার্ডা সূর্য সেন এবং নেতাজি স্টেশনে একটি সচেতনতামূলক প্রচারাভিযান পরিচালনা করেছে যাতে মেট্রো যাত্রীদের এই অনুশীলনের বিপদ সম্পর্কে সচেতন করা যায়। জনসংযোগ দফতরের কর্মীরা, ট্রাফিক বিভাগ এবং আপিএফ কর্মীরা তাদের অপ্রয়োজনীয়ভাবে ইয়লো লাইন পার হওয়া থেকে বিরত থাকার পরামর্শ দিয়েছেন। তথ্য - শিক্ষা - যোগাযোগ (আইইসি) উপকরণগুলি এই তিনটি স্টেশনে যাত্রীদের মধ্যে বিতরণ করা হয়েছিল এবং মেট্রো ব্যবহারকারীদের সেই মুভাক না করার জন্য অনুপ্রাণিত জানিয়ে পাবলিক অ্যাড্রেস সিস্টেমের মাধ্যমে ওয়াশাণও দেওয়া হয়েছিল। এই উদ্যোগের প্রশংসা করে, যাত্রীরা

রবিবার, ২৫ ফেব্রুয়ারি ২০২৪। ৭

কোন কাজ করা হচ্ছে না। কোন উন্নয়নমূলক সভায় বিরোধীদের ডাকা হয় না। এরফলে এলাকা উন্নয়ন ব্যাহত হচ্ছে। কালিয়াচকের বিভিন্ন এলাকায় অ্যানুয়াল প্লেনে কংগ্রেসীদের স্কিম ঢুকানো হচ্ছে না এতে একটি বড় এলাকা উন্নয়ন থেকে বঞ্চিত হচ্ছে। পঞ্চায়েত সমিতির সভাপতি অঞ্জলি মন্ডল জানিয়েছেন, অভিযোগ ভিত্তিহীন। আইন মেনেই সমস্ত কাজ হয়। প্রতিটি কাজের টেন্ডারে স্থায়ী সমিতি সহ একাধিক কমিটির সভা হয়। বিডিও বিষয়টি নিয়ে স্ক্রল না জানানোও জয়েন্ট বিডিও সৌরভদেব জানিয়েছেন, এমন কোনো নিয়ম নাই যে বিরোধী

সগড়াই গ্রাম পঞ্চায়েতের সহায়তা শিবিরে উচ্ছাস মানুষের


দূরন্ত বার্তা, বৰ্ধমান, ২৪ ফেব্রুয়ারি : জব কার্ড হোল্ডারদের তালিকাভুক্ত করনের প্রক্রিয়া শনিবার শপ্তম দিনে পড়ল। আগামীকাল রবিবার এই ক্যাম্প শেষ হবে। পূর্ব বর্ধমান জেলার অন্তর্গত সগড়াই অঞ্চলের প্রায় পাঁচ হাজার জন জব কার্ড হোল্ডার ১০০ দিনের কাজের টাকা পান। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছেন কেন্দ্র সরকারের না দেওয়া ১০০ দিনের কাজের বাক্য্য টাকা রাজ্যের পক্ষ থেকে জব কার্ড হোল্ডারদের একউটে পৌঁছে দেওয়া হবে।

সেই কারণেই সারা রাজ্যের প্রত্যেকটা পঞ্চায়েতে এলাকায় জব কার্ড হোল্ডারদের জন্য সহায়তা শিবির খুলে নথিপত্র জমা নেওয়ার কাজ চলছে জোরকদমে। সারা রাজ্যের পাশাপাশি পূর্ব বর্ধমান জেলার খণ্ডোয় ব্লকের সগড়াই গ্রাম পঞ্চায়েতের সামনে এক সহায়তা শিবিরের আয়োজন করা হয়েছে। সহায়তা শিবিরে আগত মানুষদের আদম্ভ উচ্ছাস চোখে পড়ার মতো। এছাড়াও দল্লমীর ভান্ডারের ভাতাবৃদ্ধি করার জন্য রাজ্যের

জনসংযোগ বিভাগ বিভিন্ন মেট্রো স্টেশনে নিরাপত্তা সচেতনতা অভিযান পরিচালনা করেছে

কলকাতা, ২৪ ফেব্রুয়ারি : প্ল্যাটফর্মে ট্রেন না থাকলে মেট্রো স্টেশনগুলিতে হলুদ লাইন অতিক্রম করা একটি সমস্যা যা বিশেষত পিক আওয়ারে মারাত্মক হতে পারে। এটি রু লাইন এবং

যাত্রাকে দুর্ঘটনামুক্ত করতে মেট্রো কর্তৃপক্ষকে সহযোগিতা করার প্রতিশ্রুতি দিয়েছেন। মেট্রো রেলের মধ্য জনসংযোগ আধিকারিক শ্রী কৌশিক মিত্র জানিয়েছেন, মেট্রো যাত্রীদের এই বিপজ্জনক অনুশীলন



পার্পল লাইনের মেট্রো স্টেশনগুলিতে অন্যাক্ষিক্ষিত দুর্ঘটনার কারণ হতে পারে যা মেট্রো পরিষেবাগুলিকে প্রভাবিত করতে পারে এবং হাজার হাজার যাত্রীদের ভোগান্তির কারণ হতে পারে। মেট্রো রেলওয়ার পাবলিক রিলেশন ডিপার্টমেন্টের আধিকারিক ও কর্মীরা আজ ২৪.০২.২০২৪ তারিখে মাস্টার্ডা সূর্য সেন এবং নেতাজি স্টেশনে একটি সচেতনতামূলক প্রচারাভিযান পরিচালনা করেছে যাতে মেট্রো যাত্রীদের এই অনুশীলনের বিপদ সম্পর্কে সচেতন করা যায়। জনসংযোগ দফতরের কর্মীরা, ট্রাফিক বিভাগ এবং আপিএফ কর্মীরা তাদের অপ্রয়োজনীয়ভাবে ইয়লো লাইন পার হওয়া থেকে বিরত থাকার পরামর্শ দিয়েছেন। তথ্য - শিক্ষা - যোগাযোগ (আইইসি) উপকরণগুলি এই তিনটি স্টেশনে যাত্রীদের মধ্যে বিতরণ করা হয়েছিল এবং মেট্রো ব্যবহারকারীদের সেই মুভাক না করার জন্য অনুপ্রাণিত জানিয়ে পাবলিক অ্যাড্রেস সিস্টেমের মাধ্যমে ওয়াশাণও দেওয়া হয়েছিল। এই উদ্যোগের প্রশংসা করে, যাত্রীরা

Office of the Onda-II Gram Panchayat Patrahati, Makarkole, Onda, Bankura Notice inviting e-Tender No-1) NleT-22/2023-24 (Tender ID-2024_ZPHD_671771) Pradhan, Onda-II invites percentage rate e-Tender for 4 no works. Last date of documents download & bid submission in 02 nd march 2024 at 6.30 p.m. Date of Opening in 5 th March 2024. for details please visit website: www.wbtenders.gov.in & 2) NleT-23/2023-24 (Tender ID- 2024_ZPHD_671520) Pradhan, Onda-II invites percentage rate e-Tender for 3 no works. Last date of documents download & bid submission in 02 nd March 2024 at 6.30 p.m. Date of Opening in 5 th March 2024. for details please visit website: www.wbtenders.gov.in
Sd/- Pradhan Onda-II Gram Panchayat
Panchghara Gram Panchayat Joykrishnapur, Begampur, Hooghly. NOTICE OF INVITING RE-TENDER The Pradhan, Panchghara Gram Panchayat invited interested agencies or bidder or participant to participate for the following tenders: NIT NO: PGP/090/2024, DT: 24/02/2024, SI No: 1 & 4 Bid submission start date (Online) 24/02/2024 at 6.00 pm and last date for online Bid submission up to 02/03/2024 1.00 pm. The details information and uploading / Downloading are available in the website.
Sd/- Pradhan, PANCHGHARA GRAM PANCHAYAT

তুমিই আসল নায়ক! দু’হাত না থাকা কাশ্মীরের আমিরকে বললেন সচিন

গুলমার্গ, ২ ফেব্রুয়ারিঃ তুমিই আসল নায়ক! পথ দুর্ঘটনায় দু’হাত নেই, সেই মানসিক জেদ নিয়েই আমিরা হুসেন লড়েছেন। তিনি কাশ্মীরের সেই বিশেষভাবে সক্ষম ক্রিকেটার, যিনি পা দিয়ে বল করেন। ব্যাট করেন ঘাড় ও কাঁধের শক্তিতে। সচিন এই মুহুর্তে ভূয়স্য বেডোতে গিয়েছেন। তিনি গুলমার্গে দেখা করতে গিয়েছিলেন আমিরের সঙ্গে। সচিনকে দেখে ওই প্রতিবন্ধী ক্রিকেটার কথা বলার ভাষা হারিয়েছেন। সচিনকে দেখে তাঁর পা স্পর্শের চেষ্টা করেছেন। আমিরকে সেই করা ব্যাট দেন সচিন। সেটি পেয়ে এককথায় আগ্রুত ওই তারকা। নিজের স্বপ্নের ক্রিকেটারকে কাছে পেয়ে আবেগতান্ডিত হয়ে গিয়েছেন আমির। তিনি ভারতীয়



ক্রিকেটের কোহিনুরকে জানান, “আমি স্যার সত্যিই ভারতে পারছি না আপনি আমাদের বাড়িতে এসেছেন। স্যার খুব আনন্দ হচ্ছে।” আমির এও বলেছেন সচিনকে, “স্যার, জীবনে কখনও আমি হার মানিনি। যা যা স্বপ্ন আছে, তা পূরণ করার লক্ষ্য নিয়েই এগিয়েছি। আজ আমি যা হতে পেরেছি, তা আপনার (সচিনের দিকে তাকিয়ে) জন্যই। আপনি সবচেয়ে বেশি প্রেরণা জুগিয়েছেন।” প্রিয় অনুরাগীর মুখে এসব কথা শুনে বাকহারা সচিনও জানিয়েছেন, “তুমি যা করেছ, তা সমাজের পক্ষে ভাল বিষয়। তুমিই আসল নায়ক। তুমি অনেকের প্রেরণা হয়ে কাজ করে গিয়েছ। অসম্ভবকে সম্ভব করে তুলেছ তুমি।” আমিরের সঙ্গে দেখা হওয়ার মুহূর্তটি ভিডিও করে নিজের এক্স হ্যান্ডলে পোস্ট করেছেন সচিন। সেখানেও ভারতীয় ক্রিকেটের ঈশ্বর বলেন, “একজনের শারীরিক এত প্রতিবন্ধতা, তারপরেও যেভাবে মানসিক লড়াই করে ক্রিকেটার হতে পেরেছেন, সেটিও অবাক করার মতোই।”

বায়ার্নের রেকর্ড ভেঙে শিরোপার আরও কাছে জাবির লেভারকুসেন

মিউনিখ, ২৪ ফেব্রুয়ারিঃ আগের ম্যাচে হাইডেনহাইমকে ২-১ গোলে হারিয়ে সব প্রতিযোগিতা মিলিয়ে প্রথম মিউনিখের ৬২ ম্যাচ অপরাজিত থাকার রেকর্ড ভুয়েছিল বায়ার লেভারকুসেন। গতকাল রাতে মাইজের বিপক্ষে ম্যাচে সেই রেকর্ড ছাড়িয়ে যাওয়ার অপেক্ষায় ছিল জাবি আলোনসোর দল। চলতি মরসুমে অপরাজ্যে যাত্রা ধরে রেখে রেকর্ডটিতে একক অধিকার প্রতিষ্ঠা করেছে তারা। আগের ম্যাচের মতো মাইজের বিপক্ষেও লেভারকুসেনের জয় ২-১ গোলে। এই জয়ে সব প্রতিযোগিতা মিলিয়ে কোনও জার্মান দলের সবচেয়ে বেশি ম্যাচ অপরাজিত থাকার রেকর্ড এখন লেভারকুসেনের (৬৩)। চলতি মরসুমে অপরাজিত থাকা ৬৩ ম্যাচের ২৯টিতেই জয় পেয়েছে লেভারকুসেন। এর আগে ২০১৯ ও ২০২০ সালে দুই মরসুম মিলিয়ে সব প্রতিযোগিতায় ৬২ ম্যাচে অপরাজিত ছিল হানসি ফ্লিকের বায়ার্ন। ঘরের ম্যাচ শেষের ৬ মিনিটেই গ্রানিত জাকার গোলে এগিয়ে যায় লেভারকুসেন। ৪ মিনিট পর মাঠে সমতা ফেরায় মাইজ। জয়সূচক গোলের জন্য লেভারকুসেনকে অপেক্ষা করতে হয় ম্যাচের ৬৮ মিনিট পর্যন্ত। দূরপাল্লার শটে দলটিকে দ্বিতীয় গোলেটি এনে দেন রবার্ট আন্ডরিখ। এই গোলেই

শেষ পর্যন্ত নিশ্চিত করে বুন্দেসলিগায় লেভারকুসেনের ১৯তম জয়। এই জয়ে ২৬ ম্যাচে লেভারকুসেনের পয়েন্ট এখন ৬১। এক ম্যাচ কম খেলে বায়ার্নের পয়েন্ট ৫০। এই মুহুর্তে লিগ জয়ের দৌড়ে বায়ার্নের চেয়ে ১১ ম্যাচেই বিপক্ষে ম্যাচে সেই রেকর্ড ছাড়িয়ে যাওয়ার পয়েন্টে এগিয়ে আছে লেভারকুসেন। ম্যাচ শেষে লেভারকুসেনকে জয়সূচক গোলে এনে দেওয়া আন্ডরিখ বলেছেন, “আমরা ভালো খেলতে পারিনি। কিছুটা ভাগ্যের জোরেই জয়টা এসেছে।” রেকর্ডগড়া জয় নিয়ে জানতে চাইলে ম্যাচ শেষে লেভারকুসেন কোচ জাবি আলোনসো বলেছেন, “রেকর্ড হওয়ার আগে তা নিয়ে আমি ভাবি না। তবে যখন তা হয়ে যায়, আমি খুব আনন্দিত হই। এই রেকর্ড নিজেদের কাছে নেওয়া দারুণ ব্যাপার। আপনি এর জন্য পদক পাবেন না। তবে এই প্রক্রিয়ার মধ্যে দিয়ে এগিয়ে যাওয়া দারুণ! আমাদের ঝুলিতে দারুণ সব অর্জন যুক্ত হচ্ছে। কিন্তু আমরা খামচে চাই না।” এই ম্যাচ শেষের আগামী মরসুমে লিভারপুলে ইয়ুর্গেন ক্লুপের স্থলাভিষিক্ত হওয়া নিয়েও কথা বলেছেন আলোনসো, “এটা একজন খেলোয়াড়কে নিয়ে হওয়া গুজবের মতোই। যক্ষ্ণ পর্যন্ত ড্রেসিংরুমে সব চিকিৎকা এগোবে, ততক্ষণ তারা বাইরের বিষয় নিয়ে কথা বলতে পছন্দ করে।”

গার্ডিওলা-মেসি গেতাফেরও হতে পারতেন

দুরন্ত বার্তা প্রতিবেদন

লিওনেল মেসির ক্যারিয়ারে গেতাফের অবস্থানটা একটু বিশেষ। ক্যারিয়ারের শুরুর দিকে ২০০৭ সালে নিজের অন্যতম সেরা ‘মারাদোনা গোল’টা এই দলের বিপক্ষেই করেছিলেন মেসি। সেদিন নিজেদের অর্ধ থেকে গোলকিপারসহ গেতাফের পাঁচ খেলোয়াড়কে ক্যাটিয়ে গোলটা দেন আর্জেন্টাইন মহাতারকা। এখনো সেটা মেসির ক্যারিয়ারের অন্যতম সেরা গোল হয়ে আছে। তবে এবার মেসি-গেতাফের নতুন সংযোগের খবরও জানা গেল। গেতাফের প্রেসিডেন্ট অ্যাঞ্জেল তোরেস বলেছেন, ২০০৮ সালে মেসিকে দলে টানার খুব কাছে পৌঁছে গিয়েছিলেন তারা। শুধু মেসিই নন, পেপে গার্ডিওলাকেও কোচ হিসেবে নেওয়ার ব্যাপারে অনেক দূর এগিয়ে গিয়েছিল ক্লাবটি। গার্ডিওলা তখন ছিলেন বার্সেলোনা ‘বি’ দলের কোচ। সে সময় তাকে মূল দলের দায়িত্ব দিয়ে নিতে



চেয়েছিল গেতাফে। সে সময়ের ঘটনার বর্ণনা দিয়ে তোরেস বলেছেন, “আমরা সেবার ইউরোপিয়ান লড়াইয়ে ছিলাম। আমরা ডুয়ের জন্য গিয়েছিলাম। বেরগিরকুইন (বার্সেলোনার প্রাক্তন ক্রীড়া পরিচালক)

সেখানে ছিল, যে আমাকে বলেছিল, লাউড্রপকে কোচ হিসেবে বিবেচনা করছে। তাকে বলি যে তাহলে আমি গার্ডিওলার সঙ্গে কথা বলব। আমরা একদিন বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জে দেখা করি। তবে দ্রুতই

সব এলোমেলো হয়ে যায়। রইকার্ড ছাটাই হয়, তার জায়গায় মাইকেল লাউড্রপের পরিবর্তে (বার্ষিক) কোচ হিসেবে চলে আসে গার্ডিওলা। যদিও সে হেতাফেতে আসার ব্যাপারে ইতিবাচক ছিল।” সে সময় বার্সেলোনার সঙ্গে সমার্থক হয়ে যাওয়া মেসিকেও দলে টানার ব্যাপারে অনেক দূর এগিয়ে গিয়েছিল গেতাফে। তোরেস আরও বলেছেন, “আমি লাপোর্তার সঙ্গে মেসির ব্যাপারেও কথা বলি। লাপোর্তার সঙ্গে আমার সম্পর্কও খুব ভালো। আমরা খুব কাছাকাছি পৌঁছে গিয়েছিলাম। মেসি আর গার্ডিওলা গেতাফেতে জুটি গড়তে পারত।” শেষ পর্যন্ত মেসিকে নিতে না পারলেও ফুটবল কিংবদন্তির সঙ্গে সম্পর্কটা উষ্ণ ছিল তোরেসের, “আমার কাছে মেসির অন্তত ১০টি জার্সি আছে। সে প্রতিবছর আমাকে একটা করে পাঠাত। আমাদের সম্পর্ক খুব ভালো। ক্যাম্প নুয়েতে গেলে সে আমার হাতে জার্সি তুলে দিত।”

রাঁচিতে ভারতকে চেপে ধরল ইংল্যান্ড, সফল যশস্বী

রাঁচি, ২ ফেব্রুয়ারিঃ রাঁচি টেস্টে ভারতের উপর চাপ বাড়ালেন ইংল্যান্ডের স্পিনাররা। ইংল্যান্ডের ৬৫৩ রানের জবাবে প্রথম ইনিংসে দ্বিতীয় দিনের শেষে ভারতের স্কোর ৭ উইকেটে ২১৯। শোয়েব বশির ইতিমধ্যেই চার উইকেট ঝুলিতে পুরেছেন। অপর স্পিনার টম হার্টলি নিয়েছেন ২ উইকেট। মধ্যাহ্নভোজের বিরতিতে ভারতের স্কোর ছিল ১০ ওভারে ১ উইকেটে ৬৪। চা বিরতিতে তা গিয়ে দাঁড়ায় ৬৮ ওভারে ৪ উইকেটে ১৩১ রানে। তৃতীয় সেশনেও ভারত তিনটি উইকেট হারিয়েছে। ৫৫.২ ওভারে ১৭৭ রানে ৭ উইকেট পড়ে যাওয়ার পর পরিস্থিতি সামাল দিচ্ছেন ধ্রুব জুরেল ও কুলদীপ যাদব। ২টি চার ও একটি ছুরের সাহায্যে ধ্রুব ৫৮ বলে ৬০ রানে অপরাজিত রয়েছেন। কুলদীপ যাদব ৭২ বলে ১৭ রানে ক্রিজে রয়েছেন, মেরেছেন একটি চার। এরপর আকাশ দীপ ও মহম্মদ সিরাজের ব্যাটিং বাকি। ভারত ৭৬ ওভার খেলে ফেলেছে, ফলে তৃতীয় দিন সকালে নতুন বল নিতে ইংল্যান্ডকে বেশিক্ষণ অপেক্ষা করতে হবে না। ইংল্যান্ডের চেয়ে ভারত এখনও ১৬৪ রানে পিছিয়ে। খেলা যতই এগোবে ততই এই উইকেটে ব্যাটিং কর্তিন হবে। ইংল্যান্ড শিবির কাল দ্রুত ভারতীয় ইনিংসে যবনিকা টানতে মরিয়া। যশস্বী



আউট হন। শোয়েব বশির চারটি মেডেন-সহ ৬২ ওভারে ৮৪ রানে চার উইকেট নিয়েছেন। তাঁর বোলিংয়ের উচ্ছ্বসিত প্রশংসা করেছেন জো রুট।

ভারতেই টেস্ট অভিষেক হয় শোয়েবের। প্রথম ৬৮, রজত পাটীদার ১৭, রবীন্দ্র জাদেজা ১২, সরফরাজ খান ১৪ ও রবিচন্দ্রন অশ্বিন ১ রানে ২০ বছরের এই স্পিনারের। ফলে অনেকের মনেই তাঁকে নিয়ে ছিল সংশয়। কিন্তু শোয়েব বশির যেভাবে দক্ষতা দেখাচ্ছেন, বোলিং করছেন তা তাঁর আত্মবিশ্বাসও বাড়াল বলে উপলব্ধি রুটের। শোয়েবের শেখার আগ্রহও ভালোই। অন্যদিকে, ১৯ ওভার হাত ঘুরিয়ে পাঁচটি মেডেন ওভার টম হার্টলির, তিনি ৪৭ রানে ২ উইকেট নিয়েছেন। রোহিত শর্মার উইকেটটি তুলে নিয়েছেন জেমস অ্যান্ডারসন। এর আগে, আজ ৬৫৬ রানে শেষ হয়েছিল ইংল্যান্ডের প্রথম ইনিংস। জো রুট ১২২ রানে অপরাজিত থাকেন। ২৭৪ বলের ইনিংসে রয়েছে ১০টি চার। অলি রবিনসন ৫৮ রান করেন। রবীন্দ্র জাদেজা চারটি, আকাশ দীপ তিনটি ও মহম্মদ সিরাজ দুটি উইকেট নেন। দীর্ঘ সময় পর শতরান তপ্ত দিচ্ছে রুটকে। তিনি সুনীল গাভাসকরের প্রশ্নের উত্তরে মজা করে বললেন, রিভার্স স্কুপ মেরে শতরানের কথা মাথায় যে ঘুরছিল না তা নয়। তবে দলের জন্য অবদান রাখতে পেরে ভালো লাগছে। চলতি সিরিজে রান পাছিলাম না। আশা করি, এই ফর্ম ধরে রাখতে পারব। উইকেট যে ক্রমেই খারাপ হচ্ছে সেটাও জানান রুট।

দাদার সতর্ক বার্তাতেই ডাবল সেঞ্চুরি মুশির খানের! কী বলেছিলেন সরফরাজ?

বরোদা, ২৪ ফেব্রুয়ারিঃ উন্মোচিত থেকে একের পর এক উইকেট পড়ছিল। দলের হাল ধরেন তরুণ ব্যাটার মুশির খান। রঞ্জি ট্রফির কোয়ার্টার ফাইনালে মুম্বইয়ের ইনিংসকে প্রাণ ফিরিয়ে দেন সরফরাজ খানের ভাই। সদ্য টেস্ট অভিষেক হয়েছে সরফরাজের। অভিষেক টেস্টের দু-ইনিংসেই হাফসেঞ্চুরি। তেমনই অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ খেলে এসেই প্রথম শ্রেণির ক্রিকেটে সেঞ্চুরির খাতা খোলেন মুশির। দাদার মতাই অল্পতে খুশি নন। সেঞ্চুরি পেরোলেও মনোসংযোগ হারাননি। প্রথম দিনের শেষে ১২৮ রানে ক্রিজে ছিলেন। বরোদার বিরুদ্ধে ম্যাচের দ্বিতীয় দিন ডাবল সেঞ্চুরি মুশিরের। মধ্যাহ্নভোজে যেন অস্বস্তি নিয়ে গিয়েছিলেন মুশির খান। ১৮৬ রানে অপরাজিত ছিলেন। বিরতির পর সতর্ক হতে হয়েছে। দীর্ঘ অপেক্ষার পর সিদ্ধল নিয়েছেন। অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ দলের সতীর্থ রাজ



সঙ্গে গ্যাপ কমে। সপ্তম উইকেট হিসেবে শার্দুল ঠাকুর ফিরবেই চিন্তা বাড়ে। সঙ্গীর অভাবে পড়বেন না তো মুশির! সে সময় ১৯২ রানে তিনি। ক্রিজে আসেন তনু্য কোটিয়ান। প্রথম বলেই স্ট্রাইক দেন মুশিরকে। ষ্ট্রোরা রান নিয়ে ডাবল

সেঞ্চুরির দিকে এগতে থাকেন মুশির। অবশেষে ৬৫০ বলে ২০০ রানে পৌঁছন মুশির খান। হেলমেট ফুল সেলিব্রেশন। ভাগআউটের দিকে ফ্লাইং কিং। অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপে রানার্স হয়েছে ভারত। বিশ্বকাপে জোড়া সেঞ্চুরি করেছেন মুশির খান। উইকেটও নিয়েছেন। ভালো খেললেও ভাইকে সতর্কবার্তা দিয়েছিলেন সরফরাজ! দেশে

আমেরিকাগামী বিমানে প্রতিপক্ষের মুখোমুখি জকোভিচ, তাঁকে দেখে কী করলেন নাদাল?

নিউ ইয়র্ক, ২৪ ফেব্রুয়ারিঃ ইন্ডিয়ান ওয়েলস ওপেন খেলতে আমেরিকা যাওয়ার বিমানে অন্যতম প্রধান প্রতিপক্ষের মুখোমুখি নোভাক জকোভিচ। বিশ্বের এক নম্বর টেনিস খেলোয়াড় যে বিমানে উঠেছিলেন, তাতেই ছিলেন রাফায়েল নাদাল। বিমানে পরস্পরকে আবিষ্কার করে প্রথমে কিছুটা অবাক হন দুই টেনিস খেলোয়াড়। কোর্টে দু’জন প্রবল প্রতিপক্ষ হলেও খেলার বাইরে তাঁরা ভাল বন্ধুও। সেই বন্ধুত্বের বলক দেখতে পেয়েছেন বিমানে তাঁদের সহযাত্রীরাও। নাদালকে দেখে এগিয়ে যান জকোভিচ। কোর্টের প্রতিপক্ষ সামনে দেখে মুখ ফেরাননি নাদালও। দু’জনে বেশ কিছু ক্ষণ কথা বলেন। নাদালের চোটারে খবর নেন জকোভিচ। তার পর জকোভিচের সঙ্গে একটি নিজস্ব তুলেছেন নাদাল। দু’জনের হাসি মুখের সেই ছবি সমাজমাধ্যমে ভক্তদের সঙ্গে ভাগ করে নিয়েছেন নাদাল। ইন্ডিয়ান ওয়েলস ওপেনের পাশাপাশি আমেরিকায় মিয়ামি ওপেনেও খেলার কথা তাঁদের। চোট সারিয়ে বছরের শুরুতে কোর্টে ফিরেছিলেন নাদাল। আবার চোট পাওয়ায় অস্ট্রেলিয়ান ওপেন খেলতে পারেননি ২২টি গ্র্যান্ড স্ল্যামে মালিকা। ২৪টি গ্র্যান্ড স্ল্যামের মালিক জকোভিচও অস্ট্রেলিয়ান ওপেনের সেমিফাইনালে হেরে গিয়েছেন। এ বছর প্যারিসে রয়েছে অলিম্পিক্স। দু’জনেই সম্ভবত টেনিসজীবনের শেষ অলিম্পিক্স খেলবেন। তাই তাঁদের দিকে ক্রীড়াপ্রেমীদের বাড়তি নজর থাকবে।

চোটের অজুহাতে রঞ্জিতে নেই, ধুতি পরে শুটিংয়ে ব্যস্ত কেকেআর অধিনায়ক!

দুরন্ত বার্তা প্রতিবেদন

রঞ্জি ট্রফির কোয়ার্টার ফাইনালে খেলেছে মুম্বই। বরোদার বিরুদ্ধে এই ম্যাচে খেলার কথা ছিল শ্রেয়স আইয়ারের। ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজে খেলছিলেন। সেই অর্ধে ফর্মে না থাকলেও তাঁকে সুযোগ দিয়েছে বোর্ড। চোটের কারণে দ্বিতীয় টেস্টের পরই ছিটকে যান শ্রেয়স। তার চোট খুব একটা

পারেন। এমনকি ভবিষ্যতে জাতীয় দলে ফেরার রাস্তাও কঠিন হতে পারে। ঈশান কিষাণ, শ্রেয়স আইয়ারদের আচরণে অস্বস্তিতে বোর্ড। নির্দেশ অমান্য করায় আরও কড়া নিয়ম আনার ভাবনায় বিসিসিআই। এমনটা হলে, ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে খেলাও কঠিন হয়ে দাঁড়াবে শ্রেয়সদের। আগামী ২২ মার্চ শুরু হচ্ছে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের নতুন মরসুম। প্রথম ১৫



গুরুতর ছিল না। অন্তত জাতীয় ক্রিকেট অ্যাকাডেমির রিপোর্ট তাই বলছে। তারপরও রঞ্জিতে না খেলায় বোর্ডের রায়ে শ্রেয়স। তিনি কি আইপিএলের জন্যই সরে দাঁড়িয়েছেন? মুম্বই ক্রিকেট সংস্থার নির্বাচকদের শ্রেয়স জানিয়ে দেন, তিনি ফিট নন, ফলে তাঁকে যেন কোয়ার্টার ফাইনালের জন্য স্কোয়াডে বিবেচনা না করা হয়। অন্য দিকে, জাতীয় ক্রিকেট অ্যাকাডেমির তরফে নীতীন প্যাটেল মুম্বই ক্রিকেট সংস্থার নির্বাচকদের মেইল করে জানিয়েছিলেন, শ্রেয়স অনেক আগেই ফিট হয়ে উঠেছে। দ্বিতীয় টেস্টের পর চোটের কারণে ছিটকে গেলেও, এখন তিনি ম্যাচ ফিট। তারপরও রঞ্জি ট্রফিতে না খেলার সিদ্ধান্ত, শ্রেয়সকে চাপে ফেলেছে। বোর্ডের চুক্তি থেকে বাদ পড়তে

দিনের সূচি ঘোষণা করেছে বোর্ড। প্রতিযোগিতার দ্বিতীয় দিন অর্থাৎ ২৬ মার্চ হোম গ্রাউন্ড ইন্ডেন গার্ডেনে সানারাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে খেলবে কলকাতা নাইট রাইডার্স। তার আগে শুটিংয়ে ব্যস্ত শ্রেয়স! আইপিএলের শুটিংয়ের একটি ভিডিও ক্লিপ লিক হয়েছে। যেখানে ধুতি পরতে হিমশিম অবস্থা শ্রেয়সের। প্রোডাকশনের সঙ্গে যুক্ত একজন তাঁকে ধুতি পরতে সাহায্য করছেন। তবে অনেকেই শ্রেয়সের এই আচরণে ক্ষুব্ধ। রঞ্জি খেললে প্রস্তুতির মধ্যে থাকতেন। আইপিএলের আগে ম্যাচ প্র্যাক্টিস হত। বড় রান পেলে আত্মবিশ্বাস বাড়িয়ে ফিরতে পারতেন শ্রেয়স। নিজের কেরিয়ারে নিজেই বিপদ ডেকে আনছেন না তা শ্রেয়স, ঈশানরা!

অস্ট্রিয়ান ক্লাবে খেলার সুযোগ পেলেন দর্শন, নতুন দিশা দিচ্ছে অলিভার কান অ্যাকাডেমি

দুরন্ত বার্তা প্রতিবেদন

মহারাষ্ট্র ফুটবলের ঐতিহাসিক দিন। প্রথম মারাঠি ফুটবলার হিসেবে ইউরোপিয়ান ক্লাবে খেলার সুযোগ পেলেন ১৯ বছরের দর্শন পাটীল। কোলাপুরের ছেলে খেলবেন অস্ট্রিয়ার ক্লাব এসভি গুন্ডেনে। মুম্বইয়ে এক অনুষ্ঠানে হাজির ছিলেন পঞ্চম ডিভিশনের ক্লাবের প্রেসিডেন্ট গারহান্ট রেইল্ড। ওই অনুষ্ঠানেই ঘোষণা করা হয় কর্ণাটক স্পোর্টিং অ্যাসোসিয়েশনের সঙ্গে গাট্টিছা



বার্ধল অলিভার কান অ্যাকাডেমি। সেখানেই দর্শনের হাতে ক্লাবের জার্সি তুলে দেন গুন্ডেনের প্রেসিডেন্ট। অস্ট্রিয়ার ক্লাবে খেলার জন্য দর্শন খুব শিগিরিই উড়ে যাবে অস্ট্রিয়ায়। অলিভার কান অ্যাকাডেমির শুরু থেকেই লক্ষ্য ছিল মুম্বই তথা মহারাষ্ট্রের ফুটবলকে সাবালক করে তোলা। ইউরোপিয়ান ধাঁচে ট্রেনিং থেকে শুরু করে বিদেশি কোচ আনা, সব কিছুই রয়েছে পরিকল্পনায়। তারই পদক্ষেপ হিসেবে কেঙ্গএ-র সঙ্গে গাট্টিছাও বাঁধা হল। অস্ট্রিয়ান ক্লাবের প্রেসিডেন্ট গারহান্ট রেইল্ড

সেটাতে আমরা সাহায্য করতে পারছি, এটা ভেবে ভালো লাগছে।” রিসপো-র দক্ষিণ-পূর্ব এশিয়ার পরামর্শদাতা কৌশিক মৌলিক বলেন, “ভারতের প্রতিভাবান ফুটবলারদের উপর পূর্ণ আস্থা রয়েছে। আমরা এই রকম প্রতিভা খুঁজে বের করার চেষ্টা করছি। তারা পর্যাপ্ত ট্রেনিং যাতে পায়, রিসপোর সেটাই লক্ষ্য। আশা করছি, দর্শনের মতো ছেলে বড় মধ্যে ভালো পারফর্ম করবে। অস্ট্রিয়ার লিগে কোলাপুরের ছেলে ভালো খেললে তার থেকে ভালো আর কী হতে পারে।” বিদেশে প্রথমবার খেলার সুযোগ পেয়ে আগ্রুত দর্শন। তিনিও বলেন, “আমার কাছে স্বপ্নপূরণ হওয়ার মতো ব্যাপার। ভারতের ফুটবলার হিসেবে বিদেশের ক্লাবে খেলব। দেশের মান রাখতে চাই। সেই সঙ্গে ক্লাবকেও সাফল্য দিতে চাই।”

সুচিকিংসা

২৬ বর্ষ • তৃতীয় সংখ্যা • ১ ফেব্রুয়ারি ২০২৪

অবসাদের চিকিৎসা

- সার্জারির সাহায্যে শুন বাঁচিয়ে ক্যান্সার চিকিৎসা
- হিম্যাচুরিয়া আক্রান্তদের দ্রুত চিকিৎসকের পরামর্শ
- কার্ডিয়াক এম. আর. আই.
- ডায়াবেটিসে হার্ট ডিজিজের প্রবণতা
- কিডনি স্টোন ও প্রস্টেটের সমস্যা
- নতুন বছরে রোবোটিক নি-জয়েন্ট রিপ্লেসমেন্ট
- করে জীবনের আলোয় ফিরে আসুন
- মানসিক অবসাদ দূর করার উপায়
- অবসাদের বাহ্যিক প্রকাশ রাগ
- ঘুকোমা ও হোমিওপ্যাথি চিকিৎসা

সুচিকিংসা এখন অনলাইনে পড়তে পাশের কোডটি স্ক্যান করুন